নুশিন ইলেকট্রনিক্স
প্রোঃ মোঃ রেদওয়ান
এখানে সকল প্রকার ব্যাটারী (আইপিএস, গাড়ি, সৌর বিদ্যুৎ, চার্জার ফ্যানসহ অন্যান্য ব্যাটারী), ইলেকট্রিক মালামাল ও হাইব্রিড সোলার বিক্রয় এবং সরবরাহ করা হয়।
স্টেডিয়াম রোড, (টি.এন.টি অফিস সংলগ্ন) চাঁদপুর।
মোবাইল : ০১৮১৮৩১৭৮২৪, ০১৯৬১১০০৩০৫

দৈনিক
চাঁদপুর দিগন্ত
সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল
রোববার
রেজিঃ নং-চ-৫১৩
১৫ নভেম্বর ২০২৬
২১ তম বর্ষ : সংখ্যা-১০৩
৩০ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
৪ জমা: সানি ১৪৪৮ হিজরী
মূল্য ৫ টাকা
E-mail : dailydiganta@gmail.com
Website : www.chandpurdiganta.com

হাজীগঞ্জে মিনি ম্যারাথনে নানা বয়সী মানুষের উচ্ছ্বাস



'হাজীগঞ্জ মিনি ম্যারাথন-২০২৬ (সিজন-১)' আয়োজিত এ প্রতিযোগিতায় অংশ নেন নারী-পুরুষসহ বিভিন্ন বয়সের ৭৫৫ জন।

ইউসুফ বেপারী

শারীরিক সুস্থতা ও স্বাস্থ্যসচেতনতার বার্তা ছড়িয়ে দিতে হাজীগঞ্জে অনুষ্ঠিত হয়েছে 'হাজীগঞ্জ মিনি ম্যারাথন-২০২৬ (সিজন-১)'। উৎসবমুখর পরিবেশে আয়োজিত এ প্রতিযোগিতায় নারী-পুরুষসহ বিভিন্ন বয়সের ৭৫৫ জন প্রতিযোগী অংশ নেন। তাঁদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে পুরো আয়োজন পরিণত হয় প্রাণবন্ত এক মিলনমেলায়।

শনিবার (১৪ নভেম্বর) সকালে 'সুস্থতার জন্য দৌড়' স্লোগানকে সামনে রেখে উপজেলা প্রশাসন ও উপজেলা ক্রীড়া সংস্থার যৌথ উদ্যোগে এ প্রতিযোগিতার আয়োজন করা হয়।

উপজেলা পরিষদ চত্বর থেকে প্রতিযোগিতার সূচনা হয়। সেখান থেকে হাজীগঞ্জ বাজার বিশ্বরোড ও বদরপুর মোড় হয়ে নির্ধারিত পথ অতিক্রম করে পুনরায় উপজেলা পরিষদ চত্বরে এসে শেষ হয় দৌড়। প্রতিযোগীদের জন্য নির্ধারিত দূরত্ব ছিল ৬ কিলোমিটার।

আয়োজক সূত্রে জানা যায়, প্রতিযোগিতাটি চারটি ক্যাটাগরিতে বিভক্ত করা হয়। এর মধ্যে ১৫ থেকে ৩০ বছর বয়সীদের 'এ', ৩১ থেকে ৪০ বছর বয়সীদের 'বি', ৪১ থেকে ৬০ বছর বয়সীদের 'সি' এবং নারীদের জন্য 'এফ' ক্যাটাগরি নির্ধারণ করা হয়।

প্রতিটি ক্যাটাগরিতে বিজয়ীদের জন্য ছিল আকর্ষণীয় পুরস্কার। চ্যাম্পিয়নকে ৫ হাজার টাকা, প্রথম রানারআপকে ● ২-এর পাতায় দেখুন

জনগণ নতুন কোনো ফ্যাসিবাদ কায়েম হতে দেবে না : জামায়াত আমির

দিগন্ত ডেস্ক

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা ডা: শফিকুর রহমান এমপি বলেছেন, জনগণ রক্ত দিয়ে ফ্যাসিবাদ তাড়িয়েছে, তারা নতুন কোনো ফ্যাসিবাদ কায়েম হতে দেবে না। আমরা এর বিরুদ্ধে লড়াই চালিয়ে যাব। ফ্যাসিবাদমুক্ত বাংলাদেশ গঠনে কারো সাথে আমরা আপস করব না। শনিবার (১৪ নভেম্বর) রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে বাংলাদেশ জামায়াতে ইসলামীর যুব ও ক্রীড়া বিভাগের উদ্যোগে যুব প্রতিনিধি সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সকাল ১০টায় পবিত্র কোরআন তিলাওয়াতের মাধ্যমে সম্মেলনের কার্যক্রম শুরু হয়।

কেন্দ্রীয় যুব বিভাগের সভাপতি ও সহাকারী সেক্রেটারি জেনারেল অ্যাডভোকেট এহসানুল মাহবুব জুবায়েরের সভাপতিত্বে বিশেষ ● ২-এর পাতায় দেখুন

দেশে ১ কোটি ৩৯ লাখ ডায়াবেটিসে আক্রান্ত : চাঁদপুরে ৮৩ হাজার

দিগন্ত ডেস্ক

আন্তর্জাতিক ডায়াবেটিস ফেডারেশনের তথ্য অনুযায়ী- বর্তমানে বাংলাদেশে ১ কোটি ৩৯ লাখ। এদের মধ্যে প্রাপ্তবয়স্ক মানুষ ২০ থেকে ৭৯ বছর বয়সী ডায়াবেটিসে আক্রান্ত। চাঁদপুরে ৮৩ হাজার ডায়াবেটিসে আক্রান্ত রোগী রয়েছে। ১৯৮৭ সাল থেকে এ পরিসংখ্যান বলে চাঁদপুর ডায়াবেটিক সমিতি কর্তৃক পরিচালিত চাঁদপুর ডায়াবেটিক হাসপাতাল সূত্রে শনিবার (১৪ নভেম্বর) এ তথ্য জানা গেছে। আক্রান্তদের ৩৯.১% বা প্রায় অর্ধেক মানুষই জানেন না যে তাদের ডায়াবেটিস রয়েছে।

ডায়াবেটিস রোগীর সংখ্যার দিক থেকে বাংলাদেশ বর্তমানে বিশ্বে সপ্তম অবস্থানে রয়েছে। বর্তমান ধারা অব্যাহত থাকলে ২০৫০ সালের মধ্যে দেশে ডায়াবেটিস রোগীর সংখ্যা ২ কোটি ৩০ লাখ ছাড়াতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

বাংলাদেশে ডায়াবেটিস পরিস্থিতির গভীরতা এবং এর পেছনের কারণ, লক্ষণ ও প্রতিরোধের উপায়গুলো নিচে বিস্তারিত তুলে ধরা হলো- ১. বাংলাদেশে ডায়াবেটিসের ভৌগোলিক ও জনমিতিক

বিভিন্ন গবেষণা ও জরিপের তথ্য অনুযায়ী-দেশে ডায়াবেটিস ছড়িয়ে পড়ার ● ২-এর পাতায় দেখুন



২২তম জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২০২৬ উপলক্ষে হাইমচর উপজেলা ক্রীড়া সংস্থার জার্সি উন্মোচন করেন চাঁদপুর-৩ (সদর-হাইমচর) আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক।

চাঁদপুরে পুলিশের বিশেষ অভিযান, দু'দিনে গ্রেপ্তার ৫৮

স্টাফ রিপোর্টার

চাঁদপুরে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা এবং অপরাধ দমনে পুলিশের বিশেষ অভিযানে দুই দিনে ৫৮ জন আসামিকে গ্রেপ্তার করা হয়েছে। একই সময়ে কিশোর গ্যাংবিরোধী অভিযানে ৩৮ জনকে আটক করা হয়েছে। এ সময় ১০০ গ্রাম গাঁজা, ২০৬ পিস ইয়াবা ও ১৪ গ্রাম ভাঙা ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। গ্রেপ্তার ব্যক্তিদের মধ্যে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও এর সহযোগী সংগঠনের ১৭ জন নেতাকর্মী এবং মাদকসংশ্লিষ্ট সাতজন রয়েছেন।

শনিবার (১৪ নভেম্বর) সকালে জেলা পুলিশের মিডিয়া সেলের পৃথক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়।

পুলিশ সুপার (এসপি) মো. মিজানুর রহমানের নির্দেশনায় গত ১২ ও ১৩ নভেম্বর জেলার বিভিন্ন থানা এবং গোয়েন্দা পুলিশ (ডিবি) ২৪ ঘণ্টাভিত্তিক পৃথক অভিযান পরিচালনা করে। এসব অভিযানে উল্লিখিত ব্যক্তিদের গ্রেপ্তার ও আটক করা হয়।

পুলিশের বিজ্ঞপ্তি অনুযায়ী, ১২ নভেম্বরের অভিযানে ২৮ জন আসামিকে গ্রেপ্তার এবং ২০ জন ● ২-এর পাতায় দেখুন



চাঁদপুর জেলা জামায়াতের উদ্যোগে রুকন প্রার্থী ও অগ্রসর কর্মীদের শিক্ষা শিবিরে বক্তব্য রাখছেন কেন্দ্রীয় মজলিশে শুরার সদস্য ও কুমিল্লা নোয়াখালী অঞ্চল টিম সদস্য মাওলানা আবদুর রহীম পাটওয়ারী।

চাঁদপুর জেলা জামায়াতের কর্মী শিক্ষাশিবির

বিশেষ প্রতিনিধি

বাংলাদেশ জামায়াতে ইসলামী চাঁদপুর জেলার উদ্যোগে রুকন প্রার্থী ও অগ্রসর কর্মীদের নিয়ে দিনব্যাপী শিক্ষা শিবির অনুষ্ঠিত হয়েছে। শনিবার (১৪ নভেম্বর) সকাল থেকে বিকেল পর্যন্ত শহরের গাছতলা মাদ্রাসার মিলনায়তনে এই শিক্ষা শিবির অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কেন্দ্রীয় মজলিশে শুরা সদস্য ও জেলা আমীর মাওলানা বিল্লাল হোসাইন মিয়াজী। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন কেন্দ্রীয় ● ২-এর পাতায় দেখুন

শর্তসাপেক্ষে ধর্মঘট প্রত্যাহার, শরীয়তপুর-চাঁদপুর নৌরুটে ফেরি চলাচল শুরু

স্টাফ রিপোর্টার

সাত ঘণ্টা বন্ধ থাকার পর শরীয়তপুর-চাঁদপুর নৌরুটে ফেরি চলাচল শুরু হয়েছে। শর্তসাপেক্ষে ধর্মঘট প্রত্যাহার করেছে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন করপোরেশনের (বিআইডব্লিউটিসি) মাস্টার ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন। এতে ঘাটে আটকে থাকা যানবাহন পারাপার শুরু হওয়ায় যাত্রী ও চালকদের মধ্যে স্বস্তি ফিরেছে।

শনিবার (১৪ নভেম্বর) দুপুর ১২টার দিকে শরীয়তপুরের নরসিংহপুর ফেরিঘাট থেকে ১৭টি যানবাহন নিয়ে চাঁদপুরের উদ্দেশ্যে ছেড়ে যায় গৌরী নামের একটি ফেরি। এরপর পর্যায়ক্রমে অন্যান্য ফেরিও যানবাহন নিয়ে গন্তব্যের উদ্দেশ্যে ছেড়ে যায়। বিআইডব্লিউটিসির ● ২-এর পাতায় দেখুন

শাহরাস্তির ইউনিক টাওয়ার মার্কেটের উদ্বোধন

শাহরাস্তি প্রতিনিধি

শাহরাস্তি উপজেলার ঠাকুর বাজারে আধুনিক সুযোগ-সুবিধাসম্পন্ন ১২ তলাবিশিষ্ট নতুন বাণিজ্যিক ভবন 'ইউনিক টাওয়ার' মার্কেটের শুভ উদ্বোধন



শাহরাস্তিতে ফিতা কেটে ইউনিক টাওয়ার মার্কেটের শুভ উদ্বোধন করছেন চাঁদপুর জেলা জামায়াতের আমির মাওলানা বিল্লাল হোসাইন মিয়াজী।

অনুষ্ঠিত হয়েছে। শনিবার (১৪ নভেম্বর) উপজেলার মডেল স্কুল সংলগ্ন ঠাকুর বাজারে অবস্থিত নবনির্মিত এই বহুতল ভবনের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। এ উপলক্ষে মার্কেটের আন্ডারগ্রাউন্ডে ● ২-এর পাতায় দেখুন

শাহরাস্তিতে যুবলীগ নেতাসহ গ্রেপ্তার ২

শাহরাস্তি প্রতিনিধি

শাহরাস্তিতে পুলিশের পৃথক অভিযানে সন্ত্রাসবিরোধী আইনের মামলায় কার্যক্রম নিষিদ্ধ যুবলীগের এক নেতাসহ জিআর পরোয়ানাভুক্ত ১৯ বছর বয়সী এক যুবককে গ্রেপ্তার করা হয়েছে।

শনিবার (১৪ নভেম্বর) শাহরাস্তি মডেল থানা পুলিশ এ অভিযান পরিচালনা করে। পুলিশ জানায়, শাহরাস্তি মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মীর মাহবুবুর রহমানের দিকনির্দেশনায় এসআই বেলায়েত উল্যাহ সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে সন্ত্রাসবিরোধী আইন, ২০০৯-এর ৮, ৯, ১০ ও ১২ ধারায় দায়ের করা মামলার সন্দেহভাজন আসামি মো. শাখাওয়াত হোসেনকে (৩৭) গ্রেপ্তার করেন। তিনি উপজেলার কুলশী গ্রামের মিজি বাড়ির শহীদুল্লাহ মিয়াজীর ছেলে এবং টামটা দক্ষিণ ইউনিয়নের কার্যক্রম নিষিদ্ধ যুবলীগের সাধারণ সম্পাদক।

অপরদিকে, একই দিনে এএসআই (নিঃ) আনোয়ারুল কিবরিয়া সঙ্গীয় ফোর্সসহ পৃথক অভিযান চালিয়ে সোনাইমুড়ী থানার জিআর ১৮৬/২৫ মামলার পরোয়ানাভুক্ত আসামি মো. নাজিম হোসেন শাওনকে (১৯) গ্রেপ্তার করেন। তিনি শাহরাস্তি উপজেলার টামটা দক্ষিণ ইউনিয়নের ধোপল্লা গ্রামের হাজী বাড়ির মো. সোহেল মিয়ার ছেলে। ● ২-এর পাতায় দেখুন



ঢাকায় অ্যাডভোকেট প্রিমিয়ার ক্রিকেট লীগে অংশ নেয়া চাঁদপুর আইনজীবী সমিতির ক্রিকেটার ও কর্মকর্তাগণ।

ঢাকায় এপিএল ক্রিকেট লীগে

চাঁদপুর জেলা আইনজীবী সমিতির জয়লাভ

স্পোর্টস রিপোর্টার

ঢাকা ফার্মগেট ক্লেমন ইন্দিরা ক্রিকেট মাঠে অ্যাডভোকেট প্রিমিয়ার ক্রিকেট লীগে জয় পেয়েছে চাঁদপুর জেলা আইনজীবী সমিতি। শনিবার (১৪ নভেম্বর) দুপুরে চাঁদপুরের দলটি ঢাকা বার ডমিনিয়ন দলের সাথে ৮ উইকেটে জয়লাভ করে। টসে জয়লাভ করে ঢাকার দলটি ব্যাটিংয়ে নামেন। নির্ধারিত ১০ ওভারে তারা ৫ উইকেট হারিয়ে ১২৬ রান ● ২-এর পাতায় দেখুন

বিসমিল্লাহির রাহমানির রাহিম
হিলশা ইলেকট্রনিক্স
WALTON KONKA GREE
সকল কোম্পানির সকল মালামাল পাইকারি ও খুচরা বিক্রয় করা হয়।
01623-392568, 01818-734125, 01633-153049
শো-রুম ১: ওয়্যারলেছ বাজার, চাঁদপুর সদর, চাঁদপুর। | শো-রুম ২: স্টেশন বাজার, বাগাদী, চাঁদপুর সদর, চাঁদপুর।

জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট উপলক্ষে

হাইমচর উপজেলা ক্রীড়া সংস্থার জার্সি উন্মোচন

স্টাফ রিপোর্টার

২২তম জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২০২৬ উপলক্ষে হাইমচর উপজেলা ক্রীড়া সংস্থার জার্সি উন্মোচন করা হয়েছে। গতকাল শনিবার (১৪ নভেম্বর) বেলা সাড়ে ১১টায় আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে জার্সি উন্মোচন করেন চাঁদপুর-৩ (সদর-হাইমচর) আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক।

তিনি তার বক্তব্যে বলেন, খেলাধুলা শুধু বিনোদনের মাধ্যম নয়, এটি তরুণ প্রজন্মকে সুস্থ, সুন্দর ও শৃঙ্খলাপূর্ণ জীবন গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। একটি দেশ ও সমাজকে মাদক, সন্ত্রাস এবং নানা সামাজিক অবক্ষয় থেকে দূরে রাখতে খেলাধুলার বিকল্প নেই। ● ২-এর পাতায় দেখুন

ডিসি কাপ ফুটবল : হাইমচরকে হারিয়ে চাঁদপুর সদরের জয়

স্টাফ রিপোর্টার

চাঁদপুরে জমকালো আয়োজনে চলছে ২২তম জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট। টুর্নামেন্টের দ্বিতীয় দিনে জয় নিয়ে মাঠ ছেড়েছে চাঁদপুর সদর উপজেলা দল।

শনিবার (১৪ নভেম্বর বিকেলে চাঁদপুর স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচে তারা ৩-১ গোলে হাইমচর উপজেলা দলকে পরাজিত করে। খেলার শুরু থেকেই আক্রমণাত্মক ফুটবল খেলতে থাকে চাঁদপুর সদর উপজেলা দল। ম্যাচের প্রথমার্ধে দলের পক্ষে শাওন ও সোহেল গোল করে দলকে ২-০ গোলের আরামদায়ক লিড এনে দেন।

বিরতির পর দ্বিতীয়ার্ধের শুরুতেই গোছালো আক্রমণ থেকে একটি দর্শনীয় গোল করেন চাঁদপুর সদরের ফরোয়ার্ড সিমরান। এতে ব্যবধান দাঁড়ায় ৩-০। তবে দমে যায়নি হাইমচর উপজেলা দল। ম্যাচের ● ২-এর পাতায় দেখুন



মতলব উত্তরে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের সঙ্গে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন চাঁদপুর-২ আসনের সংসদ সদস্য ড. মুহাম্মদ জালাল উদ্দীন।

মতলব উত্তরে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের সঙ্গে এমপি ড. জালাল উদ্দীনের মতবিনিময় সভা

গোলাম নবী খোকন

মতলব উত্তর উপজেলায় বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানদের সঙ্গে শিক্ষার মানোন্নয়ন, শিক্ষার পরিবেশ উন্নত করা এবং শিক্ষাব্যবস্থার সার্বিক অগ্রগতি নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (১৪ নভেম্বর) সকালে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে উপজেলা প্রশাসনের আয়োজনে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন চাঁদপুর-২ আসনের সংসদ সদস্য ড. মুহাম্মদ জালাল উদ্দীন। উপজেলা নির্বাহী কর্মকর্তা মাহমুদা কুলসুম মনির সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন ● ২-এর পাতায় দেখুন



বিশ্ব ডায়াবেটিস দিবস উপলক্ষে চাঁদপুর জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমানের নেতৃত্বে বর্ণাঢ্য শোভাযাত্রা।

চাঁদপুরে বিশ্ব ডায়াবেটিস দিবস পালিত

ডায়াবেটিস হাসপাতাল একটি সেবামূলক প্রতিষ্ঠান

---------জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান

স্টাফ রিপোর্টার

"ডায়াবেটিসে দেরি নয়-ব্যবস্থা নিন এখনই" এই প্রতিপাদ্যকে সামনে রেখে চাঁদপুর ডায়াবেটিক সমিতির আয়োজনে বিশ্ব ডায়াবেটিস দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

১৪ নভেম্বর (শনিবার) সকাল ১০টায় চাঁদপুর ডায়াবেটিক হাসপাতালের স্বাস্থ্য প্রশিক্ষণ কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভার পূর্বে সকাল সাড়ে ৯টায় চাঁদপুর ডায়াবেটিক হাসপাতাল প্রাঙ্গণ থেকে অতিথিবৃন্দ ও হাসপাতালের কর্মকর্তা-কর্মচারী এবং সকল সদস্যদের স্বতঃস্ফূর্ত উপস্থিতিতে স্কাউট সদস্যদের বাদকদের তালে তালে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা (রোড শো) বের করা হয়। শোভাযাত্রাটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে পুনরায় হাসপাতালে এসে শেষ হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে দিবসের সচেতনতামূলক রোড শো'র নেতৃত্ব দেন ও প্রধান অতিথির বক্তব্য দেন চাঁদপুর জেলা প্রশাসক ও চাডাস এর সভাপতি আহমেদ জিয়াউর রহমান।

চাঁদপুর ডায়াবেটিক হাসপাতালের প্রশাসনিক কর্মকর্তা মো. ইকবাল আজমের ● ২-এর পাতায় দেখুন



ইরান যুদ্ধ শুরুর পর থেকে হরমুজ প্রণালি ও আশপাশে অন্তত ২৫ নাবিক নিহত: জাতিসংঘ

আন্তর্জাতিক ডেস্ক

ফেব্রুয়ারিতে ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যুদ্ধ শুরুর পর থেকে হরমুজ প্রণালি ও এর আশপাশের এলাকায় অন্তত ২৫ জন নাবিক নিহত হয়েছেন; জানিয়েছে জাতিসংঘ। শুক্রবার জাতিসংঘে নিরাপত্তা পরিষদের এক ব্রিফিংয়ে পশ্চিম এশিয়া, এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলবিষয়ক সহকারী মহাসচিব খালেদ খিয়ারি ১১ নভেম্বর পর্যন্ত নিহতদের এই পরিসংখ্যান তুলে ধরেন। অঞ্চলটিতে নৌ-চলাচল পুরোপুরি স্বাভাবিক করার আহ্বান জানিয়ে খিয়ারি বলেন, "এই পরিস্থিতিকে নতুন স্বাভাবিক বাস্তবতা (নিউ নরমাল) হতে দেওয়া যায় না।" তিনি জানান, হরমুজ প্রণালি ও এর আশপাশে নিরাপত্তাজনিত ঘটনা ক্রমেই ● ২-এর পাতায় দেখুন

ডেঙ্গুতে আরও ৮ জনের মৃত্যু, হাসপাতালে ভর্তি ১৬৭৪

দিগন্ত ডেস্ক

গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্ত হয়ে আটজনের মৃত্যু হয়েছে। একই সময়ে সারাদেশে ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে নতুন রোগী ভর্তি হয়েছেন ১ হাজার ৬৭৪ জন। ● ২-এর পাতায় দেখুন

নামাজের সময়সূচী
১৫ নভেম্বর ২০২৬
রোববার

ফজর শুরু	ভোর ৪.৪৬
যোহর শুরু	দুপুর ১১.৪৬
আসর শুরু	বিকেল ৩.৪৮
মাগরিব শুরু	সন্ধ্যা ৫.২৮
এশা শুরু	রাত ৭.৪২

সূত্র: ইসলামিক ফাউন্ডেশন

বিশ্ববিদ্যালয় ভর্তির
সবচেয়ে সেরা ভর্তি কোচিং
ইউনিএইড চাঁদপুর
ভর্তি চলছে
৮,০০০ টাকা ছাড়ে!
বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা।
বিগত ৭ বছরে ইউনিএইড চাঁদপুরে কোচিং করে ১৫১ জন ঢাকা বিশ্ববিদ্যালয়ে সহ ৫৪০ এর অধিক বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে চান্স।
বিস্তারিত জানতে: Uniaid Chandpur এর ফেসবুক | 01958020808 Whatsapp এ যোগাযোগ করুন।
ইউনিএইড চাঁদপুর
ছায়াবানী মোড় থেকে ২৫০ গজ দক্ষিণে প্রিমিয়ার হাসপাতালের বিপরীতে।

SE
মোঃ সালাউদ্দিন (জসিম)
প্রোপ্রাইটর
মেসার্স সালাউদ্দিন এন্টারপ্রাইজ
সকল প্রকার সেনিটারী, ইলেকট্রিক, হার্ডওয়্যার মালামাল খুচরা ও পাইকারী বিক্রয় করা হয়।
টেকনো হান্নান কমপ্লেক্সের বিপরীত পাশে, হাজী মহসীন রোড, চাঁদপুর।
মোবাইল : ০১৬৪৮০১৩২৫৬, ০১৭৩০৭৪০৭৭৮

দৈনিক
চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল
রোববার ১৫ নভেম্বর ২০২৬, ৩০ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ, ৪ জমাঃ সানি ১৪৪৮ হিজরী

EMC English & Maths Care
আপনার সন্তানকে একাডেমিক ও ক্যারিয়ারে এগিয়ে রাখবে
Spoken English
Kids Spoken & Phonetics:
★ Kids Spoken Level 01: KG to Class Two
★ Kids Spoken Level 02: Class Two to Five
★ Spoken English: Class Six to Nine
★ Professional Spoken
★ One to one Communicative English
★ Academic English Writing With Grammar
৫৯, হাজী মহসিন রোড, ঢাকা কনফেকশনারির বিপরীত পার্শ্বে, স্পোর্টস গ্যালারির সাথেই নিচতলায়, চাঁদপুর।
01974-924300



মতলবে মোটরসাইকেল-ফ্রিজ কাপ ফুটবল টুর্ণামেন্টের ফাইনালে চাঁদপুর-২ আসনের সংসদ সদস্য আলহাজ্ব ড. মুহাম্মদ জালাল উদ্দিন কে সম্মাননা ক্রেস্ট তুলে দিচ্ছেন আয়োজকবৃন্দ।

মতলবে মোটরসাইকেল-ফ্রিজ কাপ ফুটবল টুর্ণামেন্টের ফাইনাল

মাদক কারবারিদের ধরিয়ে দিলে পুরস্কার : ড. জালাল উদ্দিন এমপি

শামীম মিয়াজী

মাদক ও সন্ত্রাসের বিরুদ্ধে কঠোর হুঁশিয়ারি দিয়েছেন চাঁদপুর-২ (মতলব উত্তর-দক্ষিণ) আসনের সংসদ সদস্য ও বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য আলহাজ্ব ড. মুহাম্মদ জালাল উদ্দিন। তিনি বলেছেন, মতলবে মাদক ও সন্ত্রাসীদের কোনো ঠাঁই হবে না। মাদক কারবারিদের ধরিয়ে দিতে পারলে সংশ্লিষ্টদের পুরস্কৃত করা হবে। পাশাপাশি যারা খেলাধুলার আয়োজনে ভূমিকা রাখবেন, তাদেরও সম্মাননা ও পুরস্কার দেয়া হবে। শনিবার (১৪ নভেম্বর) মতলব উত্তর স্পোর্টিং ক্লাব ও ঘনিয়ারপাড় স্পোর্টিং ক্লাবের যৌথ আয়োজনে মোটরসাইকেল-ফ্রিজ কাপ ফুটবল টুর্নামেন্টের মেগা ফাইনাল খেলায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ড. মুহাম্মদ জালাল উদ্দিন বলেন, যুবসমাজকে মাদক ও অপরাধ থেকে দূরে রাখতে খেলাধুলার বিকল্প নেই। তরুণদের মাঠমুখী করতে হবে। যারা ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করবেন, তাদের উৎসাহিত ও পুরস্কৃত করা হবে। মাদক কারবারি ও সন্ত্রাসীদের বিরুদ্ধে সবাইকে সামাজিকভাবে প্রতিরোধ গড়ে তুলতে হবে। তিনি আরও বলেন, এই মাঠকে একটি অত্যাধুনিক মানের মিনি স্টেডিয়ামে রূপান্তর ● ৩-এর পাতায় দেখুন

চাঁদপুরে উৎসবমুখর পরিবেশে বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশনের বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত

স্টাফ রিপোর্টার

শুক্রবার (১৩ নভেম্বর) বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশনের বৃত্তি পরীক্ষা দেশব্যাপী একযোগে সকাল ১০টা থেকে দুপুর ১১টা ৪৫ মিনিট পর্যন্ত অনুষ্ঠিত হয়।

পরীক্ষায় চাঁদপুর জেলার চাঁদপুর সদর, হাজীগঞ্জ, মতলব দক্ষিণ ও নারায়ণপুরসহ ৪টি কেন্দ্রে প্রায় দুই হাজার শিক্ষার্থী অংশগ্রহণ করে। বিপুল উৎসাহ-উদ্দীপনায় কোমলমতি শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশ নেয়।

ঢাকা থেকে পরীক্ষা পর্যবেক্ষক হিসেবে আসেন বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশন কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির যুগ্ম মহাসচিব মোঃ তরিকুল ইসলাম। পরীক্ষার সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন এসোসিয়েশনের চাঁদপুর জেলা সভাপতি ও কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সদস্য মোঃ সোহরাব



পরীক্ষা চলাকালীন ডি এন হাই স্কুল কেন্দ্র পরিদর্শন করছেন কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির যুগ্ম মহাসচিব মোঃ তরিকুল ইসলাম ও চাঁদপুর জেলা সভাপতি মোঃ সোহরাব হোসেন।

হোসেন। চাঁদপুর সদর কেন্দ্রে কেন্দ্র সচিবের দায়িত্ব পালন করেন চাঁদপুর কালেক্টরেট স্কুল অ্যান্ড কলেজের সিনিয়র সহকারী শিক্ষক মোঃ ওয়ালি উল্যাহ। হল সুপারের দায়িত্ব পালন করেন মেধা বিকাশ মডেল স্কুলের পরিচালক মোঃ মিজানুর রহমান। সহকারী হল সুপার হিসেবে দায়িত্ব পালন করেন নিউ নেশান এডওয়ার্ড স্কুলের প্রধান শিক্ষক পূজা। কেন্দ্র পর্যবেক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন মুন্সিরহাট কলেজের সহযোগী অধ্যাপক মোঃ ফারুক আহমেদ। সমন্বয়কারী হিসেবে ● ৩-এর পাতায় দেখুন

ফরিদগঞ্জের পাইকপাড়া উত্তর ইউনিয়ন

নির্বাচনের দিনক্ষণ ঠিক হয়নি, তবু ভোটারদের দ্বারে সম্ভাব্য প্রার্থীরা

স্টাফ রিপোর্টার



আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন ঘিরে এখনো দিনক্ষণ ঘোষণা হয়নি। তবে এরই মধ্যে নির্বাচনী হাওয়া বইতে শুরু করেছে ফরিদগঞ্জ উপজেলার পাইকপাড়া উত্তর ইউনিয়নে। সম্ভাব্য চেয়ারম্যান প্রার্থীদের তৎপরতায় সরগরম হয়ে উঠছে ইউনিয়নের রাজনৈতিক মাঠ। নিজেদের অবস্থান শক্ত করতে ভোটারদের দ্বারে দ্বারে যাচ্ছেন তাঁরা। করছেন গণসংযোগ, মতবিনিময় ও কুশল বিনিময়। দিচ্ছেন নানা প্রতিশ্রুতি, নিচ্ছেন সাধারণ মানুষের খোঁজখবর।

নির্বাচন সামনে রেখে সম্ভাব্য প্রার্থীদের কেউ কেউ পুরোনো আত্মীয়স্বজন, শুভাকাঙ্ক্ষী ও রাজনৈতিক সহকর্মীদের সঙ্গে যোগাযোগ বাড়িয়েছেন। ইউনিয়নের বিভিন্ন স্থানে শোভা পাচ্ছে তাঁদের শুভেচ্ছা পোস্টার ও প্যানাফ্লেক্স। সামাজিক যোগাযোগমাধ্যমেও চলছে প্রচার-প্রচারণা। কোথাও কোথাও মিছিল, সভা ও গণসংযোগের মাধ্যমে নিজেদের পরিচিতি ও জনসমর্থন বাড়ানোর চেষ্টা করছেন তাঁরা।

স্থানীয় সূত্রে জানা গেছে, চেয়ারম্যান পদে বিএনপির মনোনয়ন পেতে একাধিক নেতা তৎপরতা চালাচ্ছেন। দলীয় নেতাকর্মীদের সঙ্গে যোগাযোগ, সাধারণ ভোটারদের সঙ্গে মতবিনিময় এবং বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক অনুষ্ঠানে অংশগ্রহণের মাধ্যমে নিজেদের অবস্থান তুলে ● ৩-এর পাতায় দেখুন

পরিস্থিতি স্বাভাবিক না হলে রোববার থেকে পোশাক কারখানা বন্ধের ঘোষণা মালিকদের

দিগন্ত ডেস্ক

শিল্পাঞ্চলে স্বাভাবিক পরিস্থিতি ফিরে না এলে রোববার (১৫ নভেম্বর) থেকে পোশাক কারখানা বন্ধ করে দেয়া হবে বলে ঘোষণা দিয়েছেন বাংলাদেশ তৈরি পোশাক প্রস্তুত ও রফতানিকারক সমিতির (বিজিএমইএ) সভাপতি মাহমুদ হাসান খান বাবু।

তিনি বলেন, পোশাকশ্রমিকেরা কাজে যোগ না দিলে রোববার থেকে শ্রম আইনের ১৩(১) ধারা অনুযায়ী কারখানা বন্ধ করে দেবেন মালিকেরা। এ ধারায় কারখানা বন্ধ থাকলে শ্রমিকেরা মজুরি পান না। অর্থাৎ কাজ নেই তো মজুরিও নেই। শনিবার (১৪ নভেম্বর) এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। ● ৩-এর পাতায় দেখুন



মতলবে সচিব আফজালুর রহমানের বাবা-মায়ের দোয়া জন্য দোয়া মাহফিলে মুনাজাতরত অতিথিবৃন্দের একাংশ।

মতলবে সচিব আফজালুর রহমানের বাবা-মায়ের দোয়া জন্য দোয়া মাহফিল

মতলব দক্ষিণ প্রতিনিধি

মতলব দক্ষিণ উপজেলার পৌরসভা সংলগ্ন এশিয়া ভবনে শনিবার (১৪ নভেম্বর) সকালে সচিব আফজালুর রহমানের বাবা-মায়ের জন্য দোয়া মাহফিল ও মেজবান অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহমেদ মানিক, মতলব-২ আসনের সংসদ সদস্য ড. জালাল উদ্দিন, জেলা পরিষদের প্রশাসক এড. সলিম উল্যাহ সেলিম, চাঁদপুর জেলা বিএনপির সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক সেলিমুস সালাম, জেলা বিএনপি'র সহ-সভাপতি এম.এ শুক্কুর পাটোয়ারি, জেলা বিএনপির সহ-সভাপতি তানভীর হুদা, মতলব পৌরসভার সাবেক মেয়র এনামুল হক বাদল, সাবেক সচিব কৃষিবিদ আবুল হোসেন, সাবেক বক্ষব্যাধির পরিচালক ● ৩-এর পাতায় দেখুন

বড়কুল পূর্ব ইউনিয়নে মাদক বিরোধী সমাবেশ

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জ উপজেলার বড়কুল পূর্ব ইউনিয়নের উত্তর বড়কুল গ্রামে মাদক বিরোধী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। শনিবার (১৪ নভেম্বর) বিকালে ইউনিয়নের উত্তর বড়কুল ব্রীজ সংলগ্ন এলাকায় অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন, হাজীগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. কাওসার আলম ভূঁইয়া। তিনি বলেন, মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স উল্লেখ করে তিনি তাঁর বক্তব্যে বলেন, মাদকের কারণে অধিকাংশ অপরাধমূলক কার্যক্রম হয় ঘটে থাকে। তাই, সবার আগে মাদক প্রতিরোধ করতে হবে। আর মাদক প্রতিরোধ করতে হলে সবাইকে এগিয়ে আসতে হবে এবং পুলিশকে তথ্য দিয়ে সহযোগিতা করতে হবে। পাশাপাশি নিজ নিজ এলাকায় প্রতিরোধ গড়ে



হাজীগঞ্জে মাদক বিরোধী সমাবেশ বক্তব্য রাখছেন হাজীগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. কাওসার আলম ভূঁইয়া।

তুলতে হবে। সমাবেশে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক মোহাম্মদ হাসান মিয়াজী। এসময় উত্তর বড়কুল গ্রামবাসীর পক্ষে বক্তব্য রাখেন, ইউপি সদস্য মো. আতিকুর রহমান, ডা. শ্রীবাস সাহা, বাবুল মিয়া, অমিত সাহা, আব্দুস ছামাদ, সাবেক যুবনেতা মাসুদ আলম, সাবেক ছাত্রনেতা মো. হাবিবুর রহমান, সজিব সাহা প্রমুখ। ইউনিয়ন বিএনপির সভাপতি মো. ইমাম হোসেনের সভাপতিত্বে ও উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব মো. সাইফুল ইসলাম চৌধুরী মিঠুর উপস্থাপনায় অনুষ্ঠিত সমাবেশের শুরুতেই পবিত্র কোরআন মাজিদ থেকে তেলওয়াত করেন, মো. আব্দুল করিম। ● ৩-এর পাতায় দেখুন



কচুয়ায় স্বেচ্ছাসেবক দলের বিক্ষোভ।

কচুয়ায় আ'লীগের নৈরাজ্যের প্রতিবাদে স্বেচ্ছাসেবক দলের বিক্ষোভ

কচুয়া প্রতিনিধি

সরকার কর্তৃক কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের সন্ত্রাস জ্বালাও পোড়াও ,নৈরাজ্যের প্রতিবাদে কচুয়ায় স্বেচ্ছাসেবক দলের বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে। শনিবার (১৪ নভেম্বর) সকালে কচুয়া উপজেলা স্বেচ্ছাসেবক দলের ● ৩-এর পাতায় দেখুন

শাহমাহমুদপুরে কিশোর গ্যাংয়ের হামলায় মৃত্যুর সঙ্গে লড়ছেন দিনমজুর তৌহিদ

সদর প্রতিনিধি

চাঁদপুর সদর উপজেলার শাহমাহমুদপুর ইউনিয়নের ভাটেরগাঁও ইচুলী বাড়ির সামনে কিশোর গ্যাংয়ের ভয়াবহ হামলায় গুরুতর আহত দিনমজুর তৌহিদ এখন ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে সংকটাপন্ন অবস্থায় চিকিৎসাধীন। তাঁর শারীরিক অবস্থার অবনতিতে পুরো এলাকায় শোক ও উদ্বেগের সৃষ্টি হয়েছে। একজন অসহায় দিনমজুরের ● ৩-এর পাতায় দেখুন



চাঁদপুরে কিন্ডারগার্টেন বৃত্তি পরীক্ষায় অব্যবস্থাপনা অনিয়মের চিত্র।

চাঁদপুরে কিন্ডারগার্টেন বৃত্তি পরীক্ষায় অব্যবস্থাপনার অভিযোগ, শিক্ষার্থীদের ভোগান্তি

স্টাফ রিপোর্টার

বাংলাদেশ কিন্ডারগার্টেন অ্যাসোসিয়েশনের আয়োজনে চাঁদপুরে অনুষ্ঠিত বৃত্তি পরীক্ষা ঘিরে নানা অব্যবস্থাপনার অভিযোগ উঠেছে। পরীক্ষা কেন্দ্রেগুলোতে সিট প্ল্যানে জটিলতা, পর্যাপ্ত আসন ব্যবস্থা না থাকা, বিশুদ্ধ পানির সংকট, অপর্যাপ্ত ওয়াশরুম, মশার উপদ্রবসহ বিভিন্ন সমস্যায় চরম ভোগান্তিতে পড়তে হয়েছে কোমলমতি শিক্ষার্থী এবং তাদের অভিভাবকদের।

শনিবার (১৪ নভেম্বর) সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত তিন ঘণ্টাব্যাপী চাঁদপুরের সকল উপজেলায় একযোগে এ বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। চাঁদপুর সদর উপজেলার তিনটি কেন্দ্র ● ৩-এর পাতায় দেখুন

ইতিহাসে ১৫ নভেম্বর

১৮৩০ সালে প্রথম ভারতীয় হিসেবে রাজা রামমোহন রায় ইংল্যান্ড যাত্রা করেন। ১৯৮৮ সালে পিএলও চেয়ারম্যান ইয়াসির আরাফাত স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্র গঠনের কথা ঘোষণা দেন। ২০০৬ সালে আল জাজিরা ইংরেজি বিশ্বব্যাপী সম্প্রচার শুরু করে। ২০০৭ সালে ঘূর্ণিঝড় সিডর বাংলাদেশে আঘাত হানে, এতে আনুমানিক ৫,০০০ মানুষ নিহত হয়। ২০২২ সালে বিশ্বের জনসংখ্যা আটশ কোটিতে পৌঁছায়। ২০২৫ সালে বাংলাদেশের গাজীপুরের ড্রিম স্কোয়ার রিসোর্টে প্রথমবারের মত বাংলা উইকিসম্মেলন অনুষ্ঠিত হয়। এইদিন আন্তর্জাতিক কারারুদ্ধ লেখক দিবস এবং আন্তর্জাতিক সংগঠিত অপরাধ প্রতিরোধ দিবস পালিত হয়।

চাঁদপুরস্থ ফরিদগঞ্জ ফাউন্ডেশন, চাঁদপুরের ২০২৬-২০২৯ সালের কার্যনির্বাহী পরিষদ



অধ্যক্ষ মোশারফ হোসেন লিটন
সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান কর্মচারী অবসর সুবিধাবোর্ড
সভাপতি



মোঃ বিল্লাল হোসেন পাটওয়ারী
সাধারণ সম্পাদক



মেসার্স জিহাদ মুজাহিদ ট্রেডার্স
প্রোপাইটর: মোঃ আব্দুল গফুর
● সকল প্রকার সেলুকল, আর্থিংয়ের তার এবং সব ধরনের পাইপ পাওয়া যায়।
● অত্যন্ত দক্ষতার সাথে গভীর নলকূপ বসানো হয়।
ঠিকানা: মিশন রোড রেল ক্রসিংয়ের দক্ষিণ পাশে, চাঁদপুর।
মোবাইল: ০১৮৩৯-৫৯১৯০৭, ০১৭১১-৬৬১০৯৩

প্রতি শুক্রবার বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার
ডাঃ নুসরাত জাহান (রুম্পা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস্)
ডিজিও, এমসিপিএস (গাইনী এন্ড অবস্)
সিসিডি (বারডেম), বিএমডিসি রেজি নং : এ-৬২৪৮৩
গাইনী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
গাইনী, প্রসূতি, স্ত্রীরোগ, বন্ধ্যাত্ব ও নিঃসন্তান দম্পতির বিশেষজ্ঞ চিকিৎসক ও সার্জন
রোগী দেখার সময় ঃ প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা
ডাঃ মোঃ রাশেদুল হাসান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এমসিপিএস (মেডিসিন), এমআরসিপি (ইউকে)
এমডি (গ্যাস্ট্রোএন্টারোলজী)
স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
BMDC Reg No : A-71474
মেডিসিন, পরিপাকতন্ত্র ও লিভার বিশেষজ্ঞ
রোগী দেখার সময় ঃ শুক্রবার সকাল ৯ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত।
সহকারী অধ্যাপক
ডাঃ সাইফুল ইসলাম খাঁন
এমবিবিএস (ঢাকা) বিসিএস (স্বাস্থ্য)
এমএস (অর্থোপেডিক্স)
জাতীয় অর্থোপেডিক্স হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর)
পঙ্গু হাসপাতাল, ঢাকা (এক্স)
অর্থোপেডিক্স বিভাগ
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
বিএমডিসি রেজিঃ নং- এ ৪৮৬২৩
হাড় জোড়া, বিকলাঙ্গ, বাত ব্যাথা, ট্রমা, মেরুদন্ড, স্পাইন রোগ বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখার সময় : শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
সহকারী অধ্যাপক
ডাঃ মোঃ মিজানুর রহমান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি)
আর.এম.ও (রেজিস্ট্রার)
নাক, কান, গলা বিভাগ
স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
বিএমডিসি রেজি নং- এ-৫২৩২৫
নাক, কান, ও গলা রোগ বিশেষজ্ঞ এবং হেড-নেক সার্জন
রোগী দেখার সময় ঃ প্রতি শুক্রবার সকাল ১০টা - সন্ধ্যা ৬টা
সহকারী অধ্যাপক
ডাঃ এইচ এম হাসান ইমাম (সানি)
এমবিবিএস (সিইউ), এমএস (ইউরোলজি)
ইউরোলজি বিভাগ
সেন্ট্রাল মেডিকেল কলেজ ও হাসপাতাল, কুমিল্লা
BMDC Reg No : A-73684
কিডনী, প্রষ্টেট, মূত্রথলি, মূত্রনালী, পুরুষ প্রজননতন্ত্র রোগ বিশেষজ্ঞ ও সার্জন
বৃহস্পতি ও শুক্রবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
ডাঃ সাদ্দাম হোসেন তালুকদার
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিসি (ফ্যামিলি মেডিসিন) পিজিটি (রেসপেরটরি মেডিসিন)
জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
এক্স মেডিকেল অফিসার, মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা।
বিএমডিসি রেজি নং : এ- ৮২৯১৭
মেডিসিন, হৃদরোগ, বক্ষব্যাধি, চামড়ার, রাতজ্বর, এ্যাজমা, এলার্জি ও প্যারালাইসিস রোগের অভিজ্ঞ চিকিৎসক
প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা
দি হিলশা মেডিকেল এন্ড ডায়াগনস্টিক সেন্টার
একটি মাল্টিকেয়ার হাসপাতাল
কুমিল্লা রোড, হাকিম প্লাজা সংলগ্ন উত্তর গেইট পশ্চিম পার্শ্ব, চাঁদপুর।
সিরিয়ালের জন্য : 01818-898356, 01711-621401

চাঁদপুর স্পেশালাইজড হসপিটাল (প্রাঃ) লিঃ
৪৪, ঢালী প্লাজা, স্টেডিয়াম রোড (আবুলের দোকান সংলগ্ন), চাঁদপুর।
01897-699100, 01768-860900, 01600-368609
বিশেষজ্ঞ ডাক্তারগণ
২৪ ঘন্টা সার্ভিস
সহকারি অধ্যাপক ডা. মুহাম্মদ আসিফ ইকবাল
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (মেডিসিন)
সহকারি অধ্যাপক (মেডিসিন)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
মেডিসিন, নিউরো মেডিসিন, হৃদরোগ, বাতজ্বর বক্ষব্যাধি, লিভার ও ডায়াবেটিস রোগ বিশেষজ্ঞ।
রোগী দেখেন মঙ্গলবার, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, সকাল ১১টা-বিকাল ৩টা পর্যন্ত।
ডা. আয়েশা আফরোজ (লুনা)
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস্)
বিএসএমএমইউ (প্রাক্তন পিজি হাসপাতাল)
সিএমইউ (আল্ট্রাসনোগ্রাফী)
কনসালটেন্ট (গাইনী এন্ড অবস্)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
গাইনী, স্ত্রী, প্রসূতি, জন্ম (ব্রেস্ট), নিঃসন্তান দম্পতি বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন রবিবার ও বৃহস্পতিবার দুপুর ২:৩০ টা - সন্ধ্যা ৭টা পর্যন্ত।
ডা. ওমর ফারুক (সবুজ)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি) ঢাকা মেডিকেল কলেজ
কনসালটেন্ট: (ইএনটি)
নাক, কান, গলা বিশেষজ্ঞ ও সার্জন
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড-নেক সার্জন
রোগী দেখেন প্রতি রবি ও বৃহস্পতিবার, দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, বিকাল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডা. মোঃ জাকির হোসেন (মানিক)
এমবিবিএস., বিসিএস (স্বাস্থ্য)
এফ.সি.পি.এস (সার্জারী)
এম.এস (ইউরোলজী)
কনসালটেন্ট
ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
সার্টিফিকেট কোর্স অন ল্যাপারোস্কোপি (বারডেম)
কিডনী, কিডনী নালী, মূত্রনালী, পোস্টেট, ব্রেস্ট, পাইলস, পুরুষ বন্ধ্যাত্ব ও যৌন দূর্বলতা, ইউরোলজী, এন্ড্রোলজী, প্যারাস্কোপিক হিসেবজ্ঞ ও সার্জন
রোগী দেখেন প্রতি বুধবার, বিকাল ৪টা থেকে রাত ১০টা পর্যন্ত।
ডা. মোঃ নাজমুল হাসান
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), এম.ডি (শিশু)
আইসিপিপিএস (শিশু পুষ্টি) সিঙ্গাপুর
NICU এবং PICU বিশেষজ্ঞ
আর.এম.ও
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নবজাতক ও শিশু-কিশোর রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতিদিন, দুপুর ২.৩০ থেকে বিকাল ৫টা রাত ৮টা থেকে রাত ১০টা (শুক্রবার বন্ধ)
ডা. নূর হোসাইন বান্না
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
ডি-অর্থো (নিটোর), এমএস (থিসিস)
জাতীয় অর্থোপেডিক হাসপাতাল এন্ড পূর্নবাসন প্রতিষ্ঠান (পঙ্গু হাসপাতাল), ঢাকা।
হাড় জোড়া, হাড়-ভাঙ্গা, বাত ব্যাথা, পঙ্গুরোগ, এক্সিডেন্ট ও ট্রমা সার্জারী বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখেন প্রতি সোমবার, বিকাল ৪:৩০টা থেকে রাত ১০টা পর্যন্ত।
ডা. জান্নাতুল লুবা বিনতে ইসলাম (লিসা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিএস (শেষ পর্ব) সার্জারী, এমআরসিপিএস (পার্ট-এ)
এমসিপিএস (সার্জারী)
সিসিডি (বারডেম), ডিএমইটি এডমেশ (অস্ট্রেলিয়া থেকে)
ব্রেস্ট ইন ডিজিজ (সেলেকটেড)
সহকারী রেজিষ্ট্রার (সার্জারী)
কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা।
হার্নিয়া হাইড্রোসিল, এপেন্ডিসাইটিস, টিউমার স্তনের রোগ পাইলস, ফিস্টুলা, এনালফিসর সহ মলদ্বারের বিভিন্ন রোগের চিকিৎসক ও সার্জন
রোগী দেখেন প্রতি শুক্রবার, সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডাঃ জি.এম. ইশতিয়াক মাহমুদ
এমবিবিএস., বিসিএস (স্বাস্থ্য) এম.এস (সার্জারী)
এমআরসিএস (সার্জারী), লন্ডন।
ডিপ্লোমা ইন ল্যাপারোস্কোপিক সার্জারী
সহকারি রেজিষ্টার (সার্জারী বিভাগ)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
সার্জারী বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতিদিন, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। (শুক্রবার বন্ধ)
আমাদের সেবা সমূহ
এনআইসিইউ পিআইসিইউ সেন্ট্রাল অক্সিজেন
মেডিসিন, হৃদরোগ, কার্ডিওলজি বিভাগ।
সু-সজ্জিত ও শীতাতপ নিয়ন্ত্রিত কেবিন।
উন্নতমানের অত্যাধুনিক অপারেশন থিয়েটার।
২৪ ঘন্টা প্যাথলজী এবং এক্স-রে সেবা।
জেনারেল, অর্থোপেডিক্স, নাক-কান গলা, সিজারসহ সকল ধরনের অপারেশন করা হয়।
প্রসূতি রোগ, নরমাল ডেলিভারী,
ফার্মেসী সেবা

উপদেষ্টা সম্পাদক ঃ **অধ্যক্ষ মুহাম্মদ মাহবুবুর রহমান**, সম্পাদক ও প্রকাশক ঃ **এ্যাডভোকেট মোঃ শাহজাহান মিয়া**, নির্বাহী সম্পাদক ঃ **মুহাম্মদ ইলিয়াছ পাটওয়ারী**, যুগ্ম সম্পাদক : **আব্দুস শুকুর মস্তান**, ব্যবস্থাপনা সম্পাদক ঃ **এ্যাডভোকেট শাহজাহান খান**, যুগ্ম বার্তা সম্পাদক ঃ **আদনান আল মুরাদ**, মফস্বল সম্পাদক ঃ **এম এ গফুর**, বিশেষ প্রতিনিধি ঃ **আবু সুফিয়ান ভূইয়া**, আইটি ইনচার্জ ঃ **জি এম এমরান হোসেন** সম্পাদক ও প্রকাশক কর্তৃক মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর থেকে প্রকাশিত, সিরাজ অফসেট প্রেস কুমিল্লা রোড, চাঁদপুর থেকে মুদ্রিত। অফিস- মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর; ফোনঃ ০৮৪১-৬৭০৫৭ মোবাইল : ০১৭১২০৫০৩৪০, ০১৭১৫৯২৪৩০৮, ই-মেইল : digantachandpur@gmail.com, dailydiganta@gmail.com ওয়েব সাইট : www.chandpurdiganta.com

দৈনিক চাঁদপুর দিগন্ত
রোববার ॥ ১৫ নভেম্বর ২০২৬

সম্পাদকীয়

বরিশাল বিশেষায়িত হাসপাতাল
দীর্ঘসূত্রতা দূর করে দ্রুত চালু করুন

যেকোনো উন্নয়ন প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি আমাদের দেশে এক অলিখিত নিয়মে পরিণত হয়েছে। কিন্তু মানুষের জীবন-মরণের সঙ্গে জড়িত স্বাস্থ্য খাতের প্রকল্পে এমন দীর্ঘসূত্রতা নাগরিকদের জন্য প্রাণঘাতীও হয়ে ওঠে। বরিশাল নগরের বান্দ রোডে নির্মাণাধীন বিভাগীয় ক্যানসার, কিডনি ও হৃদ্‌রোগ চিকিৎসাকেন্দ্রের দশা যেন এই প্রবণতারই পুনরাবৃত্তি। দেশের দক্ষিণাঞ্চলের কোটি মানুষের জটিল রোগের চিকিৎসাসেবা নিশ্চিত করার লক্ষ্যে ২০২০ সালে বরিশালে ৪৬০ শয্যার বিশেষায়িত ক্যানসার, কিডনি ও হৃদ্?রোগ চিকিৎসাকেন্দ্র নির্মাণের উদ্যোগ নেওয়া হয়েছিল। কথা ছিল ২০২৩ সালের জুনের মধ্যে এ প্রকল্পের কাজ শেষ হবে। কিন্তু ছয় বছর পেরিয়ে গেলেও সেই হাসপাতাল আলোর মুখ তো দেখেইনি, উল্টো বারবার মেয়াদ বাড়ানো এবং প্রকল্প ব্যয় বৃদ্ধির চক্রে আটকে থেকে সাধারণ মানুষের দুর্ভোগ কেবল দীর্ঘায়িতই হচ্ছে। প্রকাশিত সংবাদ অনুযায়ী, দুই দফা সময় বাড়ানোর পর এখন তৃতীয় দফায় আরও এক বছর মেয়াদ বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। পাশাপাশি চিকিৎসা সরঞ্জাম ও আসবাবপত্রের মূল্যবৃদ্ধির অজুহাতে নতুন করে ব্যয় বাড়ানোর প্রস্তাব একনেকের অনুমোদনের অপেক্ষায় রয়েছে।

হাজীগঞ্জে মিনি ম্যারাথনে

৩ হাজার টাকা এবং দ্বিতীয় রানারআপকে ২ হাজার টাকা প্রাইজমানি দেওয়ার ব্যবস্থা রাখা হয়। পাশাপাশি প্রতিটি ক্যাটাগরির প্রথম তিনজনকে ক্রেস্ট ও মেডেল এবং পরবর্তী ২০ জনকে মেডেল দিয়ে পুরস্কৃত করার আয়োজন করা হয়।

আয়োজকদের মতে, এ ধরনের ক্রীড়া আয়োজন কেবল প্রতিযোগিতার মধ্যে সীমাবদ্ধ নয়, বরং এটি মানুষের মধ্যে নিয়মিত শরীরচর্চার অভ্যাস গড়ে তোলা এবং সুস্থ জীবনযাপনে উৎসাহিত করার একটি কার্যকর উদ্যোগ। বিশেষ করে তরুণ প্রজন্মকে মাদক ও অসামাজিক কর্মকাণ্ড থেকে দূরে রেখে খেলাধুলামুখী করতে এমন আয়োজন ইতিবাচক ভূমিকা রাখবে।

৭৫৫ জন প্রতিযোগীর অংশগ্রহণে প্রথমবারের মতো আয়োজিত এ মিনি ম্যারাথন হাজীগঞ্জের ক্রীড়াঙ্গনে নতুন উদ্দীপনা সৃষ্টি করেছে। সংশ্লিষ্টরা মনে করছেন, নিয়মিত এ ধরনের আয়োজন অব্যাহত থাকলে স্থানীয় পর্যায়ে ক্রীড়াচর্চার প্রসার ঘটার পাশাপাশি সব বয়সী মানুষের মধ্যে স্বাস্থ্যসচেতনতা আরও বাড়বে।

জনগণ নতুন কোনো ফ্যাসিবাদ

অতথির বক্তব্য রাখেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর নায়েবে আমির ডা: সৈয়দ আব্দুল্লাহ মো: তাহের এমপি; বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল ও সাবেক এমপি মিয়া গোলাম পরওয়ার; সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা রফিকুল ইসলাম খান এমপি, অ্যাডভোকেট মুয়ায্যম হোসাইন হেলাল; কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমির নূরুল ইসলাম বুলবুল এমপি, ঢাকা মহানগরী উত্তরের সেক্রেটারি ড. রেজাউল করিম, বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের সেক্রেটারি জেনারেল সিবগাতুল্লাহ সিবগা, কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও বাংলাদেশ ল'ইয়ার্স কাউন্সিলের সভাপতি অ্যাডভোকেট জসিম উদ্দিন সরকার।

ডা: শফিকুর রহমান বলেন, এ জাতি বারবার অপশক্তির দ্বারা নির্যাতিত হয়েছে। প্রতিবারই অপশক্তিকে পরাজিত করে ঘুরে দাঁড়িয়েছে। ৩৬ জুলাই ঘটিয়েছে। ১৪০০ যুবক-যুবতির রক্তের বিনিময়ে আমরা এটি পেয়েছি। আন্দোলনকারীরা পুরো রাষ্ট্র ব্যবস্থার আমূল পরিবর্তন চেয়েছিল। তারা সকল ক্ষেত্রে ন্যায়বিচার চেয়েছিল। মানুষের মৌলিক অধিকার ও ন্যায্যতার ভিত্তিতে রাষ্ট্র নাগরিকদের সাথে আচরণ করবে-তারা সেটি চেয়েছিল।

তিনি বলেন, জনআকাঙ্ক্ষাকে, বিপ্লবীদের আকাঙ্ক্ষাকে ধারণ করে চব্বিশের ৫ আগস্টের রক্তকে সম্মান জানিয়ে জাতীয় ঐকমত্য পরিষদ হয়েছিল। ৩৩টি রাজনৈতিক দল অংশ নিয়েছে। সেখানে জুলাই চার্টার রচিত হয়। ঐকমত্যের ভিত্তিতে দু'টি নির্বাচন হবে। একটি সরকার গঠন আরেকটি রাষ্ট্রের সংস্কার বা পরিগঠন। নির্বাচিত হওয়ার পর বর্তমান সরকারি দল একটি মানলেন, আরেকটি মানলেন না, প্রতারণা করলেন। সঙ্কটটি তারাই তৈরি করল। আমরা বলেছি, আমরা এ প্রতারণা মানব না, জাতি মানবে না। বিএনপির দেয়া ওয়াদা পূরণ করতেই হবে। আমরা জনগণের এ দাবি আদায় করে ছাড়ব। আমরা এ দাবি পরিত্যক্ত হতে দেবো না। সরকার এ দাবিকে পাশ কাটিয়ে সংবিধান সংশোধন সংশোধন চিৎকার করে যাচ্ছে।

তিনি আরো বলেন, সংবিধান সংশোধনের জন্য গণভোট হয়নি, ৭০ ভাগ মানুষ রায় দেয়নি। বিএনপি গণতান্ত্রিক দল হয়ে থাকলে গণভোটের রায় উপেক্ষা করতে পারে না। কার্যত বিএনপি জনগণকে অপমান করছে। নির্বাচনী ব্যবস্থার উপরে কুঠারাঘাত করছে। মানুষের আস্থার ভিত ধ্বংস করে দিচ্ছে সরকার। যে জনগণ রক্ত দিয়ে ফ্যাসিবাদ তাড়িয়েছে তারা নতুন কোনো ফ্যাসিবাদ কায়েম হতে দেবে না। আমরা এর বিরুদ্ধে লড়াই চালিয়ে যাব। ফ্যসিবামুক্ত বাংলাদেশ গঠনে কারো সাথে আমরা আপস করব না।

জামায়াত আমির বলেন, ফ্যাসিবাদ একটি ভাইরাস, যার মধ্যে এটির লক্ষণ দেখা যায় তাকেই ফ্যাসিবাদ বলা যাবে। বর্তমান সরকারের মধ্যে এর প্রচুর লক্ষণ দেখা যাচ্ছে। আমরা সাত দফা দাবি নিয়ে রাস্তায় নেমেছি। আমরা দেশের জনগণের ভালোবাসায় অভিভূত। বিভাগীয় পর্যায়ে আমাদের সমাবেশ ও লংমার্চ হয়েছে। এসকল কর্মসূচিতে জনগণের ব্যাপক সাড়া পেয়েছি। আমাদের দাবিগুলো কোনো দলের নয়, আপামর জনতার। দাবিগুলো জনগণের ভোটাধিকার, চিকিৎসা ও স্বাস্থ্যসেবা পাওয়ার অধিকার আদায়ের। তিনি বলেন, অনেক যুবক এখন মাদকের গডফাদার হয়েছে। তরুণ প্রজন্মকে ধ্বংস করছে। আজ স্কুলগুলোয় মাদক বিক্রি হয়। স্কুল শিক্ষক বলতে বাধ্য হচ্ছেন শিক্ষার্থীকে- বাবা স্কুলে অন্তত মাদক সেবন করিও না। কার সন্তান এতে হারিয়ে যাবে তার গ্যারান্টি নেই। অত্যন্ত পরিকল্পিতভাবে দেশ ও জাতিকে ধ্বংস করতে এভাবে তরুণ ও যুবসমাজের উপর হাত দেয়া হয়েছে। তিনি উদ্বেগ প্রকাশ করে বলেন, কিশোর গ্যাংয়ের উৎপাত শুধু শহরে নয়, গ্রামেও চলে গেছে। সমাজের জন্য এটি ভয়ংকর হুমকি। যে সমাজ ব্যবস্থা এ ধরনের অপকর্মগুলোকে ব্যক্তি ও দল এবং গোষ্ঠী স্বার্থে লালন করেছে- মূল অপরাধী তারাই। নির্দিষ্ট ক্ষুদ্র স্বার্থে বাংলাদেশকে তিলে তিলে শেষ করে দিচ্ছে তারা।

ডা: শফিকুর রহমান বলেন, এ সমাজকে আমরা ধ্বংস হতে দিতে পারি না। শিক্ষা নিয়ে চরম ষড়যন্ত্র চলছে। শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে চর দখলের মতো দখল করা হচ্ছে। জোর করে সেখানে ভিসি, প্রিন্সিপাল ও প্রধান শিক্ষক বসিয়ে দেয়া হচ্ছে- যাদের দায়িত্ব পালনের ন্যূনতম যোগ্যতা নাই। তারা আমাদের সন্তানদের ভবিষ্যত গড়ে দেবে-এটি কল্পনা করা বোকার স্বর্গে বাস করার মতো। স্কুল কলেজ ও মাদরাসার পরিচালনা কমিটিগুলো দলীয় সন্ত্রাসী ও চাঁদাবাজদের হাতে তুলে দেয়া হচ্ছে। মেধাহীন ও দলবাজ শিক্ষদের সুবিধা দেয়া হচ্ছে।

তিনি আরো বলেন, দেশের ক্ষতি করতে আমরা এ সরকারকে আর এক মিনিটও সময় দিতে চাই না। জনগণ শুধু বুঝে নিক কার কি চরিত্র ও চেহারা। জনগণ ঐক্যবদ্ধ হলে কোনো শক্তি ও অস্ত্র আর কাজ করে না, ভোতা হয়ে যায় বলেও সরকারকে সতর্ক করেন তিনি। চব্বিশের তরুণদের নিরস্ত্র আন্দোলনের কথাও স্মরণ করিয়ে দেন বিরোধীদলীয় নেতা।

ডা: শফিকুর রহমান বলেন, আল্লাহর দেয়া জনগণের শক্তি দুনিয়ায় সবচেয়ে বড় শক্তি। আল্লাহর দেয়া এ জনগণের সংগঠিত শক্তিকে আমরা সম্মান জানাই শ্রদ্ধা জানাই। জামায়াত যে ন্যায়ভিত্তিক সমাজ চায়- তা সবাই চায়। কেউ চায় না তার উপর কেউ জুলুম করুক, চাকরি ও ব্যবসার অধিকার কেড়ে নিক। সবাই সম্মান ও নিরাপত্তার সাথে দেশে বসবাস করতে চায়। আমরা এই সমাজটি চাচ্ছি- যে সমাজে ভালো কাজ নন্দিত হবে, খারাপ কাজ ও মন্দ ব্যক্তিরা নিন্দিত হবে। অল্প কিছু অপরাধী গোটা সমাজকে জিম্মি করে রেখেছে। এ অপরাধী চক্রকে ভেঙে তছনছ করে দিতে হবে। আল্লাহর উপর আমাদের ভরসা আছে, আমরা পারব, ইনশাআল্লাহ।

ডা: সৈয়দ আব্দুল্লাহ মো: তাহের বলেন, বিপ্লব একটি হবে সেটি হবে ইসলামী বিপ্লব। আমি আপনাদের সাথে দেখা করতে এবং সালাম দিতে আজ এখানে উপস্থিত হয়েছি।

দেশে ১ কোটি ৩৯ লাখ

ধরনে স্পষ্ট কিছু পার্থক্য দেখা যায়। গ্রামের তুলনায় শহরাঞ্চলে ডায়াবেটিসের হার অনেক বেশি। গবেষণায় দেখা গেছে, শহরে প্রাপ্তবয়স্কদের মধ্যে ডায়াবেটিসের হার প্রায় ১০.৮%, ১৩.২%, যেখানে গ্রামে হার ৭.১%-৭.৪%। তবে সাম্প্রতিক সময়ে খাদ্যাভ্যাসের পরিবর্তনের কারণে গ্রামেও রোগীর সংখ্যা দ্রুত বাড়ছে।

দেশের বিভাগগুলোর মধ্যে ঢাকা বিভাগে বিশেষ করে শহরাঞ্চলে ডায়াবেটিস এবং প্রি-ডায়াবেটিসের হার সবচেয়ে বেশি আর গ্রামাঞ্চলের মধ্যে চট্টগ্রাম বিভাগে এর প্রবণতা তুলনামূলক বেশি দেখা যায়। আগে ডায়াবেটিসকে শুধু বয়স্কদের রোগ মনে করা হলেও, বর্তমানে দেশের তরুণ প্রাপ্তবয়স্কদের প্রায় ৭.৫% টাইপ-২ ডায়াবেটিসে আক্রান্ত হচ্ছেন- যা একটি বড় উদ্বেগের কারণ।

দেশে ডায়াবেটিস রোগীর পাশাপাশি বিপুল সংখ্যক মানুষ (শহরে প্রায় ৩১% এবং গ্রামে ২৭%) প্রি-ডায়াবেটিস পর্যায়ে আছেন অর্থাৎ যেকোনো সময় তাদের পূর্ণমাত্রায় ডায়াবেটিস ধরা পড়তে পারে।

দেশে ডায়াবেটিস বাড়ার প্রধান কারণ

শহুরে জীবনে দীর্ঘক্ষণ বসে কাজ করা, হাঁটাচলা বা ব্যায়ামের অভাব (শহরের প্রায় ৮৩% ডায়াবেটিস রোগী কায়িক শ্রমে অনাগ্রহী)। অতিরিক্ত শর্করা (সাদা ভাত, চিনি), ফাস্টফুড, তেলে ভাজা খাবার এবং কোমল পানীয় গ্রহণের প্রবণতা। স্থূলতা এবং উচ্চ রক্তচাপ ডায়াবেটিসের ঝুঁকি বহুগুণ বাড়িয়ে দেয়। সাধারণ লক্ষণসমূহ বেশিরভাগ ক্ষেত্রে (৯৯% টাইপ-২ ডায়াবেটিস) শুরুতে কোনো স্পষ্ট লক্ষণ থাকে না বলেই মানুষ বুঝতে পারেন না।

ক. ঘন ঘন প্রস্রাব হওয়া (বিশেষ করে রাতে)। খ. অতিরিক্ত তৃষ্ণা পাওয়া এবং মুখ শুকিয়ে যাওয়া।গ. প্রচুর ক্ষুধা লাগা সত্ত্বেও হঠাৎ ঘ. শরীরের ওজন কমে যাওয়া। ঙ. সবসময় ক্লান্ত ও দুর্বল অনুভব করা। ৫. চোখে ঝাপসা দেখা এবং শরীরের কোনো ক্ষত বা কাটাছেঁড়া শুকাতে দেরি হওয়া। ছ. হাত-পায়ে ঝিনঝিন করা বা অবশ ভাব আসা। সচেতনতা এবং জীবনযাত্রায় সামান্য পরিবর্তন এনে ডায়াবেটিস প্রতিরোধ ও নিয়ন্ত্রণ করা সম্ভব

ক. সপ্তাহে অন্তত ৫ দিন প্রতিদিন ৩০ থেকে ৪০ মিনিট দ্রুত হাঁটা বা কায়িক পরিশ্রম করা। খ. সাদা ভাত বা ময়দার রুটির পরিবর্তে লাল আটার রুটি, ওটস, প্রচুর শাকসবজি, ডাল এবং আঁশযুক্ত খাবার খাওয়া। চিনি, মিষ্টি ও অতিরিক্ত তেল-চর্বিযুক্ত খাবার বর্জন করা। গ. শরীরের অতিরিক্ত ওজন ৫% থেকে ৭% কমাতে পারলে ডায়াবেটিসের ঝুঁকি ৬০% পর্যন্ত কমে যায়। ঘ. বয়স ৩০-এর বেশি হলে বা পরিবারে কারও ডায়াবেটিস থাকলে বছরে অন্তত একবার রক্তে শর্করার মাত্রা পরীক্ষা করা।

চাঁদপুরে পুলিশের বিশেষ

কিশোর গ্যাং সদস্যকে আটক করা হয়। এদিন ১৬ পিস ইয়াবা উদ্ধার করা হয়। গ্রেপ্তার ব্যক্তিদের মধ্যে কার্যক্রম নিষিদ্ধ সংগঠনের সাতজন নেতাকর্মী ও মাদকসংশ্লিষ্ট তিনজন আসামি ছিলেন।

অন্যদিকে, ১৩ নভেম্বরের অভিযানে ৩০ জন আসামিকে গ্রেপ্তার এবং ১৮ জন কিশোর গ্যাং সদস্যকে আটক করা হয়। এদিন পুলিশের অভিযানে ১০০ গ্রাম গাঁজা, ১৯০ পিস ইয়াবা ও ১৪ গ্রাম ভাঙা ইয়াবা ট্যাবলেট উদ্ধার হয়। গ্রেপ্তার ব্যক্তিদের মধ্যে কার্যক্রম নিষিদ্ধ সংগঠনের ১০ জন নেতাকর্মী এবং মাদকসংশ্লিষ্ট চারজন আসামি রয়েছেন।

দু'দিনের অভিযানে কার্যক্রম নিষিদ্ধ সংগঠনের নেতাকর্মীদের মধ্যে ১২ নভেম্বর চাঁদপুর ডিবি পাঁচজন এবং হাজীগঞ্জ ও শাহরাস্তি থানা একজন করে গ্রেপ্তার করে। পরদিন ১৩ নভেম্বর চাঁদপুর সদর মডেল থানা একজন, হাইমচর থানা একজন, ফরিদগঞ্জ থানা তিনজন, মতলব দক্ষিণ ও মতলব উত্তর থানা একজন করে এবং শাহরাস্তি থানা তিনজনকে গ্রেপ্তার করে।

এ ছাড়া বিভিন্ন মামলায় দুই দিনে আরও ৩১ জন এবং বিভিন্ন ধারা ও অভিযানের আওতায় তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে।

কিশোর গ্যাংবিরোধী অভিযানে ১২ নভেম্বর চাঁদপুর সদর মডেল থানা চারজন, কচুয়া থানা ছয়জন, হাজীগঞ্জ থানা পাঁচজন এবং মতলব উত্তর থানা পাঁচজনকে আটক করে। ১৩ নভেম্বর চাঁদপুর সদর মডেল থানা তিনজন, ফরিদগঞ্জ ও মতলব দক্ষিণ থানা ছয়জন করে এবং হাজীগঞ্জ থানা তিনজনকে আটক করে।

অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) নাদিয়া নূর জানান, আটক কিশোরদের যাচাই-বাছাই শেষে পরিবারের জিম্মায় দেয়া হয়েছে। অন্যদিকে, গ্রেপ্তার আসামিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। অপরাধ দমনে পুলিশের এ ধরনের বিশেষ অভিযান অব্যাহত থাকবে।

হাইমচর উপজেলা ক্রীড়া

তাই তরুণদের পড়াশোনার পাশাপাশি খেলাধুলায় সম্পৃক্ত করতে হবে। ফুটবল আমাদের দেশের অত্যন্ত জনপ্রিয় একটি খেলা। তবে মাঠে খেলোয়াড়সুলভ আচরণ, শৃঙ্খলা ও সৌহার্দ্য বজায় রাখা সবচেয়ে গুরুত্বপূর্ণ। হাইমচর উপজেলা ক্রীড়া সংস্থা বিজয়ী হবে ইনশাআল্লাহ।

হাইমচর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. নজরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাইমচর থানার অফিসার ইনচার্জ মো. শাহ আলম, জেলা বিএনপির সহ-সভাপতি খলিলুর রহমান গাজী, হাইমচর উপজেলা বিএনপির সভাপতি আমিন উল্যাহ বেপারী, জেলা বিএনপির দপ্তর সম্পাদক হযরত আলী ঢালী, জেলা ছাত্রদলের সাবেক সভাপতি ইমান হোসেন গাজী, জেলা ছাত্রদলের বর্তমান আহ্বায়ক ইসমাইল হোসেন পাটওয়ারী ও সদস্য সচিব জিয়াউর রহমান সোহাগসহ হাইমচর উপজেলা ক্রীড়া সংস্থার কর্মকর্তা, সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ, খেলোয়াড় ও ক্রীড়াপ্রেমীরা।

শাহরাস্তির ইউনিক টাওয়ার

অবস্থিত মিলনায়তনে উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ফিতা কেটে ইউনিক টাওয়ার মার্কেটের শুভ উদ্বোধন করেন চাঁদপুর জেলা জামায়াতের আমির মাওলানা বিল্লাল হোসনাই মিয়াজী।

ইউনিক টাওয়ারের চেয়ারম্যান ও চাঁদপুর জেলা জামায়াতের নায়েবে আমির অধ্যাপক মাওলানা আবুল হোসাইনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট ব্যবসায়ী আবুল কাসেম।

প্রধান অতিথির বক্তব্যে মাওলানা বিল্লাল হোসাইন মিয়াজী বলেন, একটি এলাকার উন্নয়ন ও অগ্রগতির জন্য ব্যবসা-বাণিজ্যের প্রসার অত্যন্ত গুরুত্বপূর্ণ। ইউনিক টাওয়ারের মতো আধুনিক বাণিজ্যিক প্রতিষ্ঠান গড়ে ওঠা শাহরাস্তির অর্থনৈতিক অগ্রযাত্রায় ইতিবাচক ভূমিকা রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি এই প্রতিষ্ঠানের সঙ্গে সংশ্লিষ্ট উদ্যোক্তাদের উদ্যোগের প্রশংসা করেন এবং ব্যবসায়িক কার্যক্রমে সততা, ন্যায়নীতি ও পারস্পরিক সহযোগিতা বজায় রাখার আহ্বান জানান। পাশাপাশি মার্কেটটির সার্বিক সফলতা ও সমৃদ্ধি কামনা করেন।

এ সময় আরও উপস্থিত ছিলেন উপজেলা জামায়াতের আমির মোস্তফা কামাল, শাহরাস্তি পৌরসভা জামায়াতের আমির মাওলানা জাহাঙ্গীর আলম, উপজেলা জামায়াতের নায়েবে আমির বাদশাহ ফয়সাল, পৌরসভা জামায়াতের নায়েবে আমির সিরাজুল ইসলাম, উপজেলা জামায়াতের সেক্রেটারি মাওলানা মাঈনুদ্দিন, পৌরসভা জামায়াতের সেক্রেটারি মাওলানা আলমগীর হোসাইন, ফয়সাল ব্রিকসের স্বত্বাধিকারী আলহাজ্ব মহিন উদ্দিন, শাহরাস্তি পৌরসভার সাবেক মেয়র মোস্তফা কামাল, বিশিষ্ট ব্যবসায়ী ফারুক হোসেন মিয়াজীসহ স্থানীয় ব্যবসায়ী, রাজনৈতিক নেতৃবৃন্দ ও বিভিন্ন শ্রেণি-পেশার গণ্যমান্য ব্যক্তিবর্গ।

সংশ্লিষ্টদের দেওয়া তথ্য অনুযায়ী, শাহরাস্তির অন্যতম বৃহৎ এ স্থাপনার নিচের দুই তলা বাণিজ্যিক মার্কেট হিসেবে ব্যবহৃত হবে। ওপরের ১০ তলা আবাসিক ভবন হিসেবে ব্যবহারের পরিকল্পনা রয়েছে। অর্থাৎ একই ভবনে বাণিজ্যিক কার্যক্রম ও আবাসিক সুবিধার সমন্বয় করা হয়েছে।

মার্কেটটিতে কাপড়ের দোকান, ট্রাভেল এজেন্সি, খাবারের দোকান, মোবাইল ফোনের দোকান ও কসমেটিকসসহ বিভিন্ন ধরনের ব্যবসাপ্রতিষ্ঠান গড়ে তোলার পরিকল্পনা রয়েছে। পাশাপাশি ক্রেতা ও ব্যবসায়ীদের সুবিধার্থে রাখা হয়েছে আন্ডারগ্রাউন্ড পার্কিং, লিফট ও জেনারেটরের ব্যবস্থা।

মার্কেটের দোকান বরাদ্দ ও ভাড়াসংক্রান্ত বিস্তারিত তথ্য জানতে আগ্রহীদের ইউনিক বিজনেস সেন্টারের অফিসে যোগাযোগ করতে বলা হয়েছে।

১২ তলাবিশিষ্ট ইউনিক টাওয়ার মার্কেটটি ঠাকুর বাজার এলাকার অন্যতম নতুন বহুতল বাণিজ্যিক স্থাপনা হিসেবে যাত্রা শুরু করল। আধুনিক অবকাঠামোসমৃদ্ধ এই মার্কেটকে ঘিরে স্থানীয় ব্যবসায়ী ও সাধারণ মানুষের মধ্যে নতুন প্রত্যাশা তৈরি হয়েছে। সংশ্লিষ্টদের আশা, নতুন এই বাণিজ্যিক প্রতিষ্ঠান স্থানীয় ব্যবসা-বাণিজ্যের প্রসার, কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং এলাকার অর্থনৈতিক কর্মকাণ্ডকে আরও গতিশীল করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

উদ্বোধনী অনুষ্ঠানে অতিথিরা ইউনিক টাওয়ার মার্কেটের সার্বিক সফলতা ও সমৃদ্ধি কামনা করেন। স্থানীয় ব্যবসায়ী, রাজনৈতিক ব্যক্তিবর্গ ও গণ্যমান্য অতিথিদের উপস্থিতিতে উৎসবমুখর পরিবেশে উদ্বোধনী অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

শর্তসাপেক্ষে ধর্মঘট প্রত্যাহার,

মাস্টার ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের নেতাদের সঙ্গে সংস্থাটির চেয়ারম্যানের আলোচনায় শর্তসাপেক্ষ আশ্বাসের পরিপ্রেক্ষিতে ধর্মঘট প্রত্যাহারের সিদ্ধান্ত নেওয়া হয়। তবে সংগঠনটির পক্ষ থেকে জানানো হয়েছে, শনিবারের মধ্যে আটক মাস্টার মোশাররফ হোসেনসহ আরও একজন কর্মচারী জামিনে মুক্তি না পেলে রোববার থেকে আবারও লাগাতার ধর্মঘট শুরু হবে।

এর আগে শুক্রবার সকালে শরীয়তপুর-চাঁদপুর নৌপথে বালুভর্তি একটি বাল্কহেডের সঙ্গে ফেরির মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ফেরিতে থাকা তরিকুল ইসলাম নামের আট বছর বয়সী এক শিশু নিহত হয় এবং আরও দুই শিশু আহত হয়। এ ঘটনায় দুর্ঘটনার জন্য দায়ী বাল্কহেডটি জব্দ করা হয়।পাশাপাশি বিআইডব্লিউটিসির মাস্টার মোশাররফ হোসেনসহ তিনজনকে আটক করা হয়।

এ ঘটনার প্রতিবাদে শনিবার সকাল ৬টা থেকে অনির্দিষ্টকালের ধর্মঘটের ডাক দেয় বিআইডব্লিউটিসি মাস্টার ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন। ফলে বন্ধ হয়ে যায় এই নৌরুটের ফেরি চলাচল। এতে নরসিংহপুর ফেরিঘাটে আটকা পড়ে পণ্যবাহী ট্রাক, বাসসহ বিভিন্ন ধরনের যানবাহন। বিশেষ করে পচনশীল পণ্যবাহী যানবাহনের চালকেরা পড়েন চরম বিপাকে। দক্ষিণাঞ্চল থেকে চট্টগ্রামগামী যানবাহনসহ সাধারণ যাত্রীদেরও দুর্ভোগ পোহাতে হয়।

বিআইডব্লিউটিসি মাস্টার ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের সহ-সভাপতি আব্দুর রব বলেন, তাদের দাবির বিষয়ে কর্তৃপক্ষ আশ্বাস দেওয়ায় আপাতত ধর্মঘট প্রত্যাহার করা হয়েছে। তবে নির্ধারিত সময়ের মধ্যে আটক কর্মীদের জামিনে মুক্তি না দিলে পুনরায় ধর্মঘটের কর্মসূচি দেওয়া হবে।

বিআইডব্লিউটিসির নরসিংহপুর ঘাট ব্যবস্থাপক ইকবাল হোসেন জানান, ধর্মঘট প্রত্যাহারের পর ফেরি চলাচল শুরু হয়েছে। ঘাটে অপেক্ষমাণ যানবাহনগুলো পর্যায়ক্রমে পারাপার করা হচ্ছে।

দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ২১ জেলার সঙ্গে চট্টগ্রাম অঞ্চলের যোগাযোগের অন্যতম গুরুত্বপূর্ণ মাধ্যম শরীয়তপুর-চাঁদপুর নৌপথ। এ রুটে পাঁচটি ফেরির মাধ্যমে প্রতিদিন যানবাহন পারাপার করা হয়। ফলে এ পথে ফেরি চলাচল বন্ধ থাকলে দক্ষিণ-পশ্চিমাঞ্চল ও চট্টগ্রামগামী পরিবহন এবং পণ্যবাহী যানবাহনকে ভোগান্তিতে পড়তে হয়।

চাঁদপুর জেলা জামায়াতের

মজলিশে শুরা সদস্য ও কুমিল্লা-নোয়াখালী অঞ্চল টিম সদস্য মাওলানা আবদুর রহীম পাটওয়ারী।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা নায়েবে আমীর অ্যাডভোকেট মো. মাসুদুল ইসলাম বুলবুল, জেলা সেক্রেটারি অ্যাডভোকেট মো. শাহজাহান মিয়া, জেলা কর্মপরিষদ সদস্য মো. শাহআলমসহ জেলা জামায়াতের অন্যান্য নেতৃবৃন্দ।

শিক্ষা শিবিরে জেলা জামায়াতের বিভিন্ন পর্যায়ের রুকন প্রার্থী ও অগ্রসর কর্মীরা অংশগ্রহণ করেন।

শাহরাস্তিতে যুবলীগ নেতাসহ

পুলিশ জানায়, গ্রেপ্তারকৃতদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনি প্রক্রিয়া সম্পন্ন করে যথাযথ পুলিশি প্রহরায় আদালতে সোপর্দ করা হয়েছে। অপরাধ নিয়ন্ত্রণ, আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা এবং আদালতের পরোয়ানা বাস্তবায়নে পুলিশের নিয়মিত অভিযান অব্যাহত রয়েছে।

ডিসি কাপ ফুটবল : হাইমচরকে

কিছু সময় পর পাল্টা আক্রমণ থেকে হাইমচরের পক্ষে রাফি একটি গোল শোধ করে ব্যবধান কমান (৩-১)। শেষ পর্যন্ত আর কোনো গোল না হওয়ায় ৩-১ গোলের জয় নিয়ে মাঠ ছাড়ে চাঁদপুর সদর উপজেলা।

ম্যাচটি উপভোগ করতে স্টেডিয়ামে উপস্থিত ছিলেন চাঁদপুর-৩ (সদর) আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক, জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান, চাঁদপুর জেলা পরিষদের প্রশাসক একেএম সলিম উল্যা সেলিম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) একরামুল ছিদ্দিক, চাঁদপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম এন জামিউল হিকমা ও হাইমচর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. নজরুল ইসলাম।

এ সময় আরও উপস্থিত ছিলেন জেলা ক্রীড়া অফিসার আফাজ উদ্দিন, চাঁদপুর জেলা ক্রীড়া সংস্থার নতুন এডহক কমিটির সদস্য সচিব জসিম উদ্দিন খান বাবুল, বর্তমান কমিটির সদস্য সচিব জয়নাল আবেদীন জনু, জেলা বিএনপির সহ-সভাপতি খলিলুর রহমান গাজী ও ফেরদৌস আলম বাবু, সদর উপজেলা বিএনপির সভাপতি শাহজালাল মিশন, সদর উপজেলা ফুটবল টিমের ম্যানেজার আখতার হোসেন সাগর, কোচ জাহাঙ্গীর গাজী, জাতীয় দলের সাবেক ফুটবলার আনোয়ার হোসেন মানিক ও জাহাঙ্গীর পাটোয়ারীসহ ক্রীড়া অঙ্গনের অন্যান্য ব্যক্তিবর্গ।

স্টেডিয়ামে প্রচুর দর্শকের সমাগম ঘটে। চাঁদপুর সদরের দাপুটে জয় এবং দ্বিতীয়ার্ধে হাইমচর উপজেলার শক্ত প্রতিরোধ গড়ার প্রাণবন্ত ফুটবল খেলা উপভোগ করে আনন্দ পান উপস্থিত দর্শকবৃন্দ।

আগামীকালের খেলা: টুর্নামেন্টের তৃতীয় ম্যাচে রোববার (১৫ নভেম্বর) ফরিদগঞ্জ উপজেলা দলের মুখোমুখি হবে কচুয়া উপজেলা দল।

মতলব উত্তরে শিক্ষা

সহকারী কমিশনার ভূমি রুবাইয়েত আহমেদ, মতলব উত্তর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মানস বড়ুয়াসহ মতলব উত্তর উপজেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানগণ।

প্রধান অতিথির বক্তব্যে সংসদ সদস্য ড. মুহাম্মদ জালাল উদ্দীন বলেন, শিক্ষাই একটি জাতির উন্নতি ও সমৃদ্ধির প্রধান ভিত্তি। শিক্ষার মানোন্নয়নে শিক্ষকদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। শিক্ষার্থীদের শুধু পাঠ্যবইয়ের মধ্যে সীমাবদ্ধ না রেখে নৈতিকতা, সততা, শৃঙ্খলা ও মানবিক মূল্যবোধে গড়ে তুলতে হবে।

তিনি আরও বলেন, মতলব উত্তর উপজেলার শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করতে হবে। শিক্ষার্থীদের ঝরে পড়া রোধ, শিক্ষার গুণগত মান বৃদ্ধি এবং শিক্ষাপ্রতিষ্ঠানের বিদ্যমান সমস্যাগুলো চিহ্নিত করে সমা

মাদক কারবারিদের ধরিয়ে

করা হবে। এখান থেকেই জাতীয় মানের খেলোয়াড় তৈরি হবে। এ অঞ্চলের তরুণরা খেলাধুলার মাধ্যমে জাতীয় পর্যায়ে নিজেদের যোগ্যতার স্বাক্ষর রাখবে, সেই পরিবেশ তৈরি করতে হবে।

খেলায় পৃষ্ঠপোষকতা করেন বিএনপি নেতা আলমগীর সরকার। ছেংগারচর পৌর বিএনপির সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম প্রধানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক মিয়া মনজুর আমিন স্বপন, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক উজ্জ্বল ফরাজি, জেলা যুবদলের সহসভাপতি খায়রুল হাসান বেনু প্রমুখ।

অনুষ্ঠানের সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন ড্যাব কেন্দ্রীয় কমিটির আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক ডা. বশির আহম্মেদ খান। এ সময় মতলব উত্তর স্পোর্টিং ক্লাবের প্রতিষ্ঠাতা শামীম খানসহ আয়োজক সংগঠনের নেতৃবৃন্দ ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

ফাইনালে মুখোমুখি হয় মোল্লা ইমন ফুটবল একাদশ ও কেশাইরকান্দি ইয়াং স্পোর্টিং ক্লাব। জমজমাট এই খেলায় প্রথমার্ধে ১-০ গোলে এগিয়ে যায় মোল্লা ইমন ফুটবল একাদশ। দ্বিতীয়ার্ধে দু'দলই আক্রমণ-পাল্টা আক্রমণে গোলের চেষ্টা চালালেও আর কোনো গোল হয়নি। ফলে ১-০ গোলের ব্যবধানে জয় নিয়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে মোল্লা ইমন ফুটবল একাদশ।

নির্বাচনের দিনক্ষণ ঠিক

ধরছেন তাঁরা। অন্যদিকে জামায়াতে ইসলামীর সম্ভাব্য প্রার্থীরাও মাঠপর্যায়ে সক্রিয় রয়েছেন।

এদিকে ইউনিয়নের হাটবাজার, হোটেল-রেস্তোরাঁ ও চায়ের দোকানগুলোতে এখন আলোচনার অন্যতম বিষয় আসন্ন নির্বাচন। সকাল থেকে গভীর রাত পর্যন্ত সম্ভাব্য প্রার্থীদের জনপ্রিয়তা, দলীয় মনোনয়ন এবং নির্বাচনী সমীকরণ নিয়ে চলছে নানা আলোচনা। কে হচ্ছেন চেয়ারম্যান পদে দলীয় প্রার্থী, কার পক্ষে জনসমর্থন বেশি–এমন প্রশ্ন ঘুরপাক খাচ্ছে ভোটারদের মধ্যে।

বিএনপি থেকে চেয়ারম্যান পদে মনোনয়নপ্রত্যাশীদের মধ্যে রয়েছেন উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের আহ্বায়ক ও ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি বীর মুক্তিযোদ্ধা সাহাদাত হোসেন সাবু পাটওয়ারী, ইউনিয়ন বিএনপির সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক মো. জহিরুল ইসলাম গাজী, ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি মো. আবুল খায়ের রুবেল, ইউনিয়ন বিএনপির সাবেক সহ-সভাপতি মো. রাজু পাটওয়ারী, বিশিষ্ট ব্যবসায়ী, সমাজসেবক, শিক্ষানুরাগী বিএনপি পরিবারের সদস্য মো. আলাউদ্দিন পাটওয়ারী, ইউনিয়ন যুবদলের সভাপতি মো. জহিরুল ইসলাম, ইউনিয়ন বিএনপির সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক সাইফুদ্দিন ফরহাদ পাটওয়ারী, সাবেক সাংগঠনিক সম্পাদক মো. আনোয়ার হোসেন, ইউনিয়ন ছাত্রদলের সাবেক সহ-সভাপতি আমিনুল ইসলাম ফরহাদ পাটওয়ারী, বিএনপি নেতা আবুল বাশার ও কাজী মোজাম্মেল। এছাড়া জামায়াতে ইসলামীর সম্ভাব্য প্রার্থী হিসেবে আবু জাফরের নাম আলোচনায় রয়েছে।

দলীয় সূত্রে জানা গেছে, পাইকপাড়া উত্তর ইউনিয়নে বিএনপির পক্ষ থেকে এখনো চেয়ারম্যান পদে প্রার্থী চূড়ান্ত করা হয়নি। অন্যদিকে জামায়াতে ইসলামীর প্রার্থী বাছাইয়ের প্রক্রিয়া কিছুটা এগিয়েছে বলে স্থানীয় পর্যায়ে আলোচনা রয়েছে। তবে স্বতন্ত্র কিংবা অন্য কোনো রাজনৈতিক দলের সম্ভাব্য প্রার্থীদের তেমন প্রচার-প্রচারণা এখনো চোখে পড়েনি।

স্থানীয় ভোটারদের অনেকে মনে করছেন, বিএনপির দলীয় মনোনয়ন চূড়ান্ত হওয়ার পর নির্বাচনী মাঠের চিত্র আরও স্পষ্ট হবে। তখন প্রার্থীদের মধ্যে প্রতিদ্বন্দ্বিতা, প্রচার-প্রচারণা ও রাজনৈতিক মেরুকরণ নতুন মাত্রা পেতে পারে।

চাঁদপুরে উৎসবমুখর পরিবেশে

ছিলেন ডি এন উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোঃ শাহআলম, চাঁদপুর ইন্টারন্যাশনাল স্কুলের সহকারী শিক্ষক মোঃ তাইয়্যেব ও বহরিয়া হাই স্কুলের সহকারী শিক্ষক মাহবুব গাজী।

এছাড়া হাজীগঞ্জ বলাখাল কেন্দ্রের সচিব হিসেবে দায়িত্ব পালন করেন বলাখাল আদর্শ কেজি স্কুলের প্রধান শিক্ষক মোঃ রবিউল হোসেন, হল সুপার মোঃ শরিফ হোসেন। ব্যবস্থাপনায় ছিলেন মোঃ জাহাঙ্গীর আলম ও কেন্দ্র পর্যবেক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন জেলা সাধারণ সম্পাদক খান মোহাম্মদ নিয়াজ মোর্শেদ।

মতলব দক্ষিণ উপজেলার দুটি কেন্দ্রের সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশন মতলব দক্ষিণ উপজেলার সভাপতি শামসুল আরেফিন শ্যামল। কেন্দ্র সচিব অধ্যাপক তাজুল ইসলাম, হল সুপার মোঃ ইসহাক এবং মতলব-২ কেন্দ্রের সচিবের দায়িত্ব পালন করেন মাজেদুল ইসলাম ও হল সুপার মোঃ কামরুল ইসলাম।

চাঁদপুর সদর কেন্দ্র ডি এন উচ্চ বিদ্যালয়, হাজীগঞ্জ কেন্দ্র বলাখাল জে এন উচ্চ বিদ্যালয়, মতলব-১ কেন্দ্র আল বারাকা স্কুল এবং মতলব-২ কেন্দ্র কে এফ টি স্কুলে পরীক্ষা অনুষ্ঠিত হয়।

পরীক্ষা সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে সম্পন্ন হওয়ায় অংশগ্রহণকারী সকল শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান, ছাত্র-ছাত্রী ও অভিভাবক, নিরাপত্তায় নিয়োজিত পুলিশ ও সাংবাদিকসহ সকলকে ধন্যবাদ জানান এসোসিয়েশনের চাঁদপুর জেলা সভাপতি মোঃ সোহরাব হোসেন।

মতলবে সচিব আফজালুর

অধ্যাপক ডা. দেলোয়ার হোসেন, সাবেক সড়ক ও জনপথের প্রধান নির্বাহী কর্মকর্তা মনির পাঠান, অগ্রনী ব্যাংকের জিএম বাশার, সাবেক অধ্যাপক কবির হোসেন, ফরাজীকান্দি পীর সাহেব এস কে মাসুদ আহমেদ সহ শত শত নেতৃবৃন্দ।

পরিস্থিতি স্বাভাবিক না হলে রোববার

ঢাকার উত্তরায় বিজিএমইএর কার্যালয়ে বিজিএমইএ ও বিকেএমইএ যৌথভাবে এ সংবাদ সম্মেলনের আয়োজন করে। এর আগে সকালে দুই সংগঠনের যৌথ মতবিনিময় সভায় এক হাজারের বেশি পোশাককারখানার মালিক অংশ নেন।

বিজিএমইএর সভাপতি বলেন, সাভার, আশুলিয়া ও গাজীপুরে ৫৫টি কারখানা শ্রম আইনের ১৩(১) ধারা অনুযায়ী অনির্দিষ্টকালের জন্য বন্ধ আছে। এছাড়া শ্রমিক বিক্ষোভের কারণে ৯২টি কারখানায় উৎপাদন বন্ধ ছিল। রোববার থেকে যেসব কারখানায় উৎপাদন সম্ভব হবে না, সেগুলো চাইলে ১৩(১) ধারায় বন্ধ রাখতে পারবে।

তিনি জানান, আগামী সোমবার মজুরি বোর্ডে মালিকপক্ষ তাদের প্রস্তাব দেবে। তবে বিশৃঙ্খলা চলতে থাকলে বোর্ডের আলোচনায় অংশ নেয়া হবে কি না, তা আলোচনা করে সিদ্ধান্ত নেয়া হবে।

বিজিএমইএ সভাপতি আরো বলেন, 'মজুরি বোর্ড গঠনের প্রথম দিনই নতুন মজুরি কবে থেকে কার্যকর হবে, তা ঘোষণা করা হয়েছে। এরপরও অরাজক পরিস্থিতি তৈরি করার উদ্দেশ্য হতে পারে মালিকপক্ষকে চাপের মুখে ফেলে অযৌক্তিক মজুরি ঘোষণা করানো। আবার এর পেছনে কারো অন্য কোনো অভিসন্ধিও থাকতে পারে।'

কচুয়ায় আ'লীগের নৈরাজ্যের

আয়োজনে ডাকবাংলো প্রাঙ্গণ থেকে বিক্ষোভ মিছিলটি শুরু হয়ে পৌরবাজারের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে পুনরায় একইস্থানে সমাবেশে মিলিত হয়। উপজেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আতিকুর রহমান জুয়েলের পরিচালনায় সমাবেশে বক্তব্য রাখেন উপজেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি ইসমাইল হোসেন আবেগ,সিনিয়র সহ-সভাপতি কামরুল হাসান, সাংগঠনিক সম্পাদক কাউসার হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক মনজুর ইসলাম, পৌর স্বেচ্ছাসেবক দলের সভাপতি শাহ আলম, সাধারণ সম্পাদক মমিন আহমেদ জিসান,উপজেলা স্বেচ্ছাসেবক দলের দপ্তর সম্পাদক আহমেদ পাভেল, যুব বিষয়ক সম্পাদক ইসহাক শিকারি, পৌর যুব দলের সাধারণ সম্পাদক কাজী আনোয়ার উল্লাহ ফরহাদ, উসেক্রেটারি আতিকুর রহমান জুয়েল,পজেলাছাত্রদলের সিনিয়র সহ-সভাপতি কামরুল ইসলাম,গোহট উত্তর ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সভাপতি শরীফ হোসেনসহ বিভিন্ন ইউনিয়নের সভাপতি সাধারণ সম্পাদকসহ স্বেচ্ছাসেবক দলের বিপুল সংখ্যক নেতাকর্মী সমর্থক বিক্ষোভ মিছিলে অংশগ্রহণ করে।





শাহমাহমুদপুরে কিশোর

ওপর এমন বর্বর হামলার ঘটনায় ক্ষোভে ফুঁসছেন স্থানীয়রা। স্বজনদের আহাজারি আর তিন শিশুসন্তানের অনিশ্চিত ভবিষ্যতের চিন্তায় ভারী হয়ে উঠেছে এলাকার পরিবেশ।

গত শুক্রবার বিকেলে এ হামলার ঘটনা ঘটে। হামলায় গুরুতর আহত তৌহিদকে প্রথমে চাঁদপুর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে নেওয়া হয়। পরে অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য তাঁকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়। বর্তমানে তিনি সেখানে সংকটাপন্ন অবস্থায় চিকিৎসাধীন রয়েছেন।

তৌহিদ একজন দরিদ্র দিনমজুর। তাঁর উপার্জনের ওপর নির্ভরশীল পরিবারের সদস্যরা। তাঁর তিনটি শিশু সন্তান রয়েছে। পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তির এমন সংকটাপন্ন অবস্থায় সন্তানদের ভবিষ্যৎ নিয়ে চরম অনিশ্চয়তায় পড়েছেন স্বজনরা।

স্থানীয়দের মতে, এই হামলা শুধু একজন ব্যক্তিকে আহত করেনি, একটি অসহায় পরিবারকেও গভীর সংকটের মুখে ঠেলে দিয়েছে।

এদিকে হামলার ঘটনায় অভিযুক্ত হিসেবে ১০ জনের নাম-পরিচয় পাওয়া গেছে। তারা হলেন–আবদুল্লাহ, রাসেল, রানা, সজিব, রকি, হৃদয় গাজী, নাছির গাজী, মামুন, মারুফ ও রোমান। তাদের সবার বাড়ি শাহমাহমুদপুর ইউনিয়নের ছোট শাহতলী এলাকায় বলে জানা গেছে। এ ছাড়া হামলায় আরও ১০ থেকে ১৫ জনের সম্পৃক্ততার অভিযোগ রয়েছে।

স্থানীয় সূত্রের অভিযোগ, হামলার নেতৃত্বে ছিলেন রানা ও তাঁর ভাই সজিব। তাঁরা এলাকায় মাদক ব্যবসা, চুরি ও ছিনতাইয়ের সঙ্গে জড়িত বলেও অভিযোগ রয়েছে। তাঁদের কর্মকাণ্ডে এলাকাবাসী অতিষ্ঠ বলে দাবি স্থানীয়দের।

এ ঘটনায় তৌহিদের পরিবারের পক্ষ থেকে চাঁদপুর মডেল থানায় মামলা করা হয়েছে। চাঁদপুর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ফয়েজ আহমেদ জানান, গতকাল তৌহিদের শারীরিক অবস্থা সংকটাপন্ন ছিল। তিনি তৌহিদের পরিবারের প্রতি আর্থিক সহযোগিতার হাত বাড়িয়েছেন। পাশাপাশি মামলার আসামিদের গ্রেপ্তারে পুলিশ চেষ্টা চালাচ্ছে।

বড়কুল পূর্ব ইউনিয়নে মাদক

সমাবেশে হাজীগঞ্জ প্রেসক্লাবের সভাপতি এএসএম কামরুজ্জামান টুটুল, সাবেক সভাপতি হাসান মাহমুদ, সাধারণ সম্পাদক পাপ্পু মাহমুদ, বিএনপি নেতা আব্দুল গফুর পাটওয়ারী বকুল, জিতু মিয়া, যুবনেতা ইঞ্জি. আবু ইউছুফ, আব্দুল জব্বার, জহিরুল ইসলাম, যুবনেতা ইকবাল পাটওয়ারী, নুরুল আমিন ফরাজীসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

চাঁদপুরে কিন্ডারগার্টেন বৃত্তি

হল, বাবুরহাট উচ্চ বিদ্যালয়, মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় এবং হাসান আলী সরকারি মডেল প্রাথমিক বিদ্যালয়।এরমধ্যে সবচেয়ে বেশি অব্যবস্থাপনা দেখা গেছে হাসান আলী সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে। এই কেন্দ্রের হল সচিব আবুল বাশার কর্তৃক শিক্ষক এবং শিক্ষার্থীদের অভিভাবকদের সাথে দুর্ব্যবহারের অভিযোগ পাওয়া গেছে। কেন্দ্রটিতে ৫২৯ জন শিক্ষার্থী বৃত্তি পরীক্ষায় অংশ নেয়।

অভিভাবকদের অভিযোগ, জনপ্রতি ৩৫০ টাকা করে রেজিস্ট্রেশন ফি নেওয়া হলেও পরীক্ষার আয়োজন ও ব্যবস্থাপনায় ছিল নানা অসংগতি। শিক্ষার্থীদের বসার জন্য পর্যাপ্ত ও উপযুক্ত ব্যবস্থা ছিল না। শিশু শিক্ষার্থীদের দুজনের বেঞ্চে গাদাগাদি করে তিন থেকে চারজন করে পরীক্ষার্থীকে বসিয়ে পরীক্ষা নেওয়া হয়েছে। এমনকি অ্যাডজাস্টমেন্টের নামে কয়েকটি বিদ্যালয়ের একই শ্রেণির পরীক্ষার্থীদের একই কক্ষে, একই বেঞ্চে পাশাপাশি বসানো হয়েছে। জানিয়ে অন্যান্য বিদ্যালয়ের শিক্ষক এবং অভিভাবকরা প্রশ্ন তোলেন। তাদের দাবি, কমিটির নেতৃবৃন্দের কয়েকটি বিদ্যালয়কে বাড়তি সুবিধা দিতে এই ব্যবস্থা করা হয়েছে।

হাসান আলী স্কুল মাঠে অপেক্ষমান কয়েকজন অভিযোগ করে বলেন, অতীতে পরীক্ষাকেন্দ্রের বাইরে স্ট্যান্ড ব্যানারে সিটপ্ল্যান এবং প্রয়োজনীয় নির্দেশনা টানিয়ে দেয়া হতো। এ বছর সেটি না করায় অনেক অভিভাবকে সন্তানদের নির্ধারিত আসন খুঁজে পেতে চরম ভোগান্তিতে পড়তে হয়েছে। তাছাড়া তিন ঘণ্টার পরীক্ষায় অংশ নেয়া শিশুদের জন্য বিশুদ্ধ পানি কোন ব্যাবস্থা ছিল না। প্রয়োজনের তুলনায় ওয়াশরুমের সংখ্যাও ছিল অপ্রতুল।

এদিকে একই বেঞ্চে দুই শ্রেণী শিক্ষার্থীদের পাশাপাশি বসানোর নিয়ম থাকলেও কোন কোন শ্রেণিকক্ষে স্বজন প্রীতি করা হয়েছে বলেও অভিভাবকরা ক্ষোভ প্রকাশ করেন। তাদের দাবি, দুএকটি বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য আলাদা শ্রেণিকক্ষ রাখা হয়েছে। শুধু তাই নয়, ওইসব বিদ্যালয়ের একই শ্রেণির শিক্ষার্থীদেরকে একই বেঞ্চে পাশাপাশি বসতে দেয়া হয়েছে। অথচ শহরের বাইরের বিদ্যালয়ের এক শ্রেণী শিক্ষার্থীদের আরেক শ্রেণীর শিক্ষার্থীদের সাথে বসানো হয়েছে। শুধু তাই নয়, দুইজনের একটি ছোট বেঞ্চে তিন-চারজন শিক্ষার্থীকে গাদাগাদি করে বসানোর মতো পরিস্থিতি তারা আগে কখনো দেখেননি। এতে শিশুদের স্বাভাবিকভাবে পরীক্ষা দেওয়া ব্যাহত হয়েছে। একটি বৃত্তি পরীক্ষায় এমন পরিবেশ ও ব্যবস্থাপনা কতটা গ্রহণযোগ্য, তা নিয়েও প্রশ্ন তুলেছেন অভিভাবক মহল।

তাদের প্রশ্ন, শিক্ষার্থীদের কাছ থেকে নির্ধারিত ফি গ্রহণের পরও কেন একটি সুশৃঙ্খল, কেন তাদের সন্তানদের জন্য নিরাপদ ও শিশুবান্ধব পরীক্ষার পরিবেশ নিশ্চিত করা হলো না? তাদের দাবি এমন একটি বৃহৎ পরীক্ষার আয়োজনে সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিত করা আয়োজকদের দায়িত্ব।

চাঁদপুর হাসান আলী স্কুলের পরীক্ষা কেন্দ্র পরিদর্শনে এমন এসম অব্যবস্থাপনা দেখে বিরুপ প্রতিক্রিয়া ব্যক্ত করেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার। তিনি বলেন, এখানে ব্যবস্থাপনার অনেক ত্রুটি দেখা গেছে। দ্বিতীয় তলা খালি থাকা সত্ত্বেও একই ব্যঞ্চে তিনজন শিক্ষার্থীকে বসানো ঠিক হয়নি।

এসব অভিযোগের বিষয়ে বাংলাদেশ কিন্ডারগার্টেন অ্যাসোসিয়েশন চাঁদপুর জেলা শাখার সভাপতি ওমর ফারুক জানান, সারা জেলায় এক যোগে পরীক্ষা হচ্ছে। এতে কিছু হযবরল হতেই পারে। আমরা সামনে এগুলো সংশোধন করার চেষ্টা করব।

উল্লেখ্য, বাংলাদেশ কিন্ডারগার্টেন অ্যাসোসিয়েশন আয়োজিত এ বৃত্তি পরীক্ষায় এবছর চাঁদপুর জেলার ১০ হাজারেরও বেশি শিক্ষার্থী অংশগ্রহণ করেছে।

যুদ্ধক্ষেত্রে আসছে প্রাণঘাতী স্বয়ংক্রিয় এআই অস্ত্র, বিশ্বজুড়ে আতঙ্ক

দিগন্ত ডেস্ক

কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) নিয়ন্ত্রিত প্রাণঘাতী স্বয়ংক্রিয় অস্ত্র যুদ্ধের প্রচলিত ধারণা বদলে দিতে যাচ্ছে। এসব অস্ত্র মানুষের সরাসরি নির্দেশনা ছাড়াই শত্রুকে শনাক্ত, লক্ষ্যবস্তু নির্বাচন এবং হামলা চালাতে সক্ষম। তবে সামরিক প্রযুক্তির এই দ্রুত অগ্রগতির বিপরীতে এখনো তৈরি হয়নি কার্যকর কোনো আন্তর্জাতিক আইন বা নিয়ন্ত্রণ কাঠামো।

এমন পরিস্থিতিতে প্রাণঘাতী স্বয়ংক্রিয় অস্ত্রের ব্যবহার নিয়ন্ত্রণ এবং কিছু ক্ষেত্রে নিষিদ্ধ করার উপায় খুঁজতে সোমবার (১৬ নভেম্বর) সুইজারল্যান্ডের জেনেভায় জাতিসংঘের উদ্যোগে একটি সম্মেলন শুরু হচ্ছে। 'কিলার রোবট' নামে পরিচিত এসব অস্ত্রের ভবিষ্যৎ ব্যবহার নিয়ে সম্মেলনে আলোচনা হওয়ার কথা রয়েছে।

তবে প্রযুক্তির দ্রুত পরিবর্তনের সঙ্গে তাল মিলিয়ে আন্তর্জাতিক আলোচনা কতটা এগোতে পারবে, তা নিয়ে সংশয় প্রকাশ করেছেন বিশেষজ্ঞদের কেউ কেউ।

বার্তা সংস্থা এএফপির এক প্রতিবেদনে সম্মেলন সামনে রেখে প্রাণঘাতী স্বয়ংক্রিয় অস্ত্রের সংজ্ঞা, নৈতিক ঝুঁকি এবং যুদ্ধক্ষেত্রে এর বিস্তার নিয়ে কয়েকটি গুরুত্বপূর্ণ দিক তুলে ধরা হয়েছে।

প্রাণঘাতী স্বয়ংক্রিয় অস্ত্র কী?

প্রাণঘাতী স্বয়ংক্রিয় অস্ত্রব্যবস্থা বা 'লেথাল অটোনোমাস উইপনস সিস্টেমস' (এলএডব্লিউএস) হলো এমন প্রযুক্তি, যা মানুষের সরাসরি হস্তক্ষেপ ছাড়াই লক্ষ্যবস্তু শনাক্ত, নির্বাচন এবং আক্রমণ করতে পারে। জেনেভা সেন্টার ফর সিকিউরিটি পলিসির বৈশ্বিক ও উদীয়মান ঝুঁকিবিষয়ক প্রধান জ্যঁ-মার্ক রিকলি বলেন, এসব অস্ত্র পরিচালনার ক্ষেত্রে লক্ষ্যবস্তু নির্ধারণ ও আক্রমণের গুরুত্বপূর্ণ ধাপগুলো সম্পন্ন করতে মানব পরিচালকের সরাসরি হস্তক্ষেপের প্রয়োজন হয় না।

তবে স্বয়ংক্রিয় অস্ত্রের ধারণা একেবারে নতুন নয়। ফ্রান্সের ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল রিলেশনসের (আইএফআরআই) প্রযুক্তি ভূরাজনীতি কেন্দ্রের গবেষক লর দ্য রুসি-রশগন্দের মতে, পদাতিক মাইনও একধরনের স্বয়ংক্রিয় অস্ত্র। কারণ, কেউ এর ওপর পা রাখলেই এটি বিস্ফোরিত হয়।

কিন্তু কৃত্রিম বুদ্ধিমত্তার উন্নয়নে বিশেষ করে এআই-চালিত ড্রোনের বিস্তারের ফলে পরিস্থিতি বদলে যাচ্ছে। এখন এসব অস্ত্র আগে থেকে নির্ধারিত লক্ষ্যবস্তুর বাইরে গিয়েও নতুন লক্ষ্য শনাক্ত করতে এবং আশপাশের পরিস্থিতি অনুযায়ী নিজেদের কার্যক্রম পরিবর্তন করতে সক্ষম হচ্ছে। এ কারণে নিয়ন্ত্রণের ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রশ্ন হয়ে উঠেছে–অস্ত্র ব্যবহারের সিদ্ধান্ত গ্রহণে মানুষের নিয়ন্ত্রণ কতটুকু থাকবে? এ বিষয়ে বিভিন্ন দেশের অবস্থানেও পার্থক্য রয়েছে। যুক্তরাষ্ট্র স্বয়ংক্রিয় অস্ত্র ব্যবহারের ক্ষেত্রে 'মানবিক বিচার-বিবেচনার যথাযথ মাত্রা' বজায় রাখার কথা বলে।

অন্যদিকে ফ্রান্স প্রাণঘাতী সম্পূর্ণ স্বয়ংক্রিয় অস্ত্র নিষিদ্ধ রাখার অবস্থান নিয়েছে। তবে আংশিক স্বয়ংক্রিয় অস্ত্র ব্যবস্থার ব্যবহার অনুমোদন করে দেশটি। ফ্রান্সের প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রতিরক্ষা কৃত্রিম বুদ্ধিমত্তা সংস্থার উপপরিচালক রিয়ার অ্যাডমিরাল ভিনসেন্ট সেবাস্তিয়েন বলেন, সামরিক কমান্ডারের যথাযথ নিয়ন্ত্রণের মাধ্যমে অস্ত্র ব্যবহারে মানুষের ভূমিকা নিশ্চিত করা হয়। তবে অস্ত্রের ঝুঁকি ও যুদ্ধক্ষেত্রের পরিস্থিতি অনুযায়ী এই নিয়ন্ত্রণের ধরন ভিন্ন হতে পারে।

মানুষের হাতে থাকবে তো সিদ্ধান্তের ক্ষমতা?

স্বয়ংক্রিয় অস্ত্র নিয়ে সবচেয়ে বড় উদ্বেগের জায়গা হলো নৈতিকতা। কোনো মানুষকে হত্যা করার সিদ্ধান্ত একটি যন্ত্রের হাতে ছেড়ে দেওয়া কতটা গ্রহণযোগ্য, তা নিয়ে আন্তর্জাতিক পর্যায়ে বিতর্ক বাড়ছে।

গত আগস্টে জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস এবং আন্তর্জাতিক রেডক্রস কমিটির সভাপতি মিরজানা স্পোলিয়ারিচ এক যৌথ বিবৃতিতে সতর্ক করে বলেন, মানুষকে লক্ষ্যবস্তু বানানোর সিদ্ধান্ত যখন যন্ত্র নিজ